প্রাক্কলন	সর্বমোট = টাকা ৯৮,২৫৬.৫৯ লক্ষ জিওবি = টাকা ১৭,৪৪২.৮১ লক্ষ প্রকল্প ঋণ = টাকা ৬৮,০৮৭.৬৯ লক্ষ পিজিসিবি = টাকা ১২,৭২৬.০৯ লক্ষ
অর্থায়নের উৎস	এশীয় উন্নয়ন ব্যাংক, বাংলাদেশ সরকার এবং পিজিসিবি।
২০১৭-২০১৮অগ্রগতি	ভৌতঃ ১২.৪৫% আর্থিকঃ ১৩.৭৫%
ক্রমপুঞ্জিভূত অগ্রগতি জুন, ২০১৮ পর্যন্ত	ভৌতঃ ৯৭.১৬% আর্থিকঃ ৮০.১৭%
সমাপ্তির সময়	ডিসেম্বর ২০১৮।

৩। ৪০০/২৩০/১৩২ কেভি গ্রীড নেটওয়ার্ক ডেভেলপমেন্ট প্রজেক্ট

লক্ষ্য	ক) ঘোড়াশালে আসন্ন বিদ্যুৎ কেন্দ্রের বিদ্যুৎ স্থানান্তর ; খ) ঢাকার উত্তর-পূর্ব অঞ্চলে ২৩০ কেভি সঞ্চালন নেটওয়ার্ক উন্নতিকরণ ; গ) ঢাকা, চট্টগ্রাম ও সিলেট এলাকার ক্রমবর্ধমান চাহিদা মেটানো এবং ঘ) কুমিল্লা (দক্ষিণ), মদুনাঘাট (চট্টগ্রাম) এবং মানিকগঞ্জ ১৩২ কেন্দ্র গ্রীড উপকেন্দ্র উন্নতিকরণ।
প্রকল্পের প্রধান উপাদান	ক) ৪০০ কেভি ঘোড়াশাল-টঙ্গী সঞ্চালন লাইনঃ ২৮ কি.মি.; খ) ২৩০ কেভি সঞ্চালন লাইনঃ ৫৫.৩ কি.মি. (ভূগর্ভস্থ ৪.৩ কি.মি.); গ) ১৩২ কেভি সঞ্চালন লাইনঃ ১৭৩ কি.মি.; ঘ) ২৩০/১৩২/৩৩ কেভি গ্রীড উপকেন্দ্রঃ ২টি (প্রতিটি ২×৩০০ এমভিএ); ঙ) ২৩০/১৩২ কেভি গ্রীড উপকেন্দ্রঃ ২টি (প্রতিটি ২×৩০০ এমভিএ); চ) ২৩০/১৩২ কেভি সুইচিং স্টেশনঃ ১টি; ঙ) সমগ্র দেশে নতুন ১৩২/৩৩ কেভি গ্রীড উপকেন্দ্রঃ ০৯ টি (মোট ১৭০২এমভিএ); চ) ১৩২/৩৩ কেভি গ্রীড উপকেন্দ্র আধুনিকায়নঃ ০৩ টি; ছ) ২৩০ কেভি বে-সম্প্রসারণঃ ৬ টি এবং জ) ১৩২ কেভি বে-সম্প্রসারণঃ ৪টি।
একনেক অনুমোদন	৮ অক্টোবর ২০১৩।
নির্মাণকাজে নিয়োজিত ঠিকাদার	ক) সিমেন্স-ইন্ডিয়া এবং সিমেন্স-বাংলাদেশ যৌথ উদ্যোগ (শ্যামপুর ২৩০/১৩২/৩৩ কেভি এবং ধামরাই ১৩২/৩৩ কেভি জিআইএস উপকেন্দ্র নির্মাণের জন্য); খ) Sean E&C এবং এপিএস কনসোর্টিয়াম; গ) কনসোর্টিয়াম অফ সিমেন্স লিঃ এবং আরপিপি ইনফ্রা প্রজেক্ট লি, ভারত; ঘ) এবিবি ভারত লিঃ এবং ঙ) মেসার্স CCC-ETERN-HANBAEK কনসোর্টিয়াম।
প্রাক্কলন	সর্বমোট = টাকা ৩,২২,৭০৭.২৯লক্ষ জিওবি = টাকা ৪৬,৯৫৭.২২ লক্ষ প্রকল্পভু = টাকা ২,৩৩,৮১৬.৪০লক্ষ পিজিসিবি = টাকা ৪১,৯৩৩.৬৭ লক্ষ
অর্থায়নে র উৎস	এশীয় উন্নয়ন ব্যাংক, ইসলামী উন্নয়ন ব্যাংক, বাংলাদেশ সরকার এবং পিজিসিবি।
২০১৭-২০১৮ অগ্রগতি	ভৌতঃ ২০.১১% আর্থিকঃ ৮.৭৯%
ক্রমপুঞ্জিভূত অগ্রগতি জুন,২০১৮ পর্যন্ত	ভৌতঃ ৫৯.৮৫% আর্থিকঃ ১৪.৪৪%
সমাপ্তির সময়	জুন ২০১৯।

৪। এ্যানহেন্সমেন্ট অব ক্যাপাসিটি অব গ্রীড সাবস্টেশনস এন্ড ট্রান্সমিশন লাইন ফর রুরাল ইলেকট্রিফিকেশন

লক্ষ্য	ক) বিদ্যমান ১৩২/৩৩ কেভি গ্রীড উপকেন্দ্রের সক্ষমতা বৃদ্ধি ; খ) ঢাকা, শেরপুর (বগুড়া), কুড়িগ্রাম, নড়াইল সংলগ্ন এলাকার বিদ্যুৎ বিতরণ সরবরাহের নির্ভরযোগ্যতা বৃদ্ধি এবং গ) কতিপয় বিদ্যমান সঞ্চালন লাইনের আধুনিকায়ন/উন্নয়ন।
প্রকল্পের প্রধান উপাদান	ক) ২৩০ কেভি লাইন ইন লাইন আউটঃ ১ কি.মি.; খ) ১৩২ কেভি সঞ্চালন লাইনঃ ১০৭.৫ কি.মি.; গ) ২৩০/১৩২/৩৩ কেভি জিআইএস গ্রীড উপকেন্দ্রঃ ১টি (৩×৩০০ এমভিএ এবং১৩২/৩৩ কেভি ২×৫০/৭৫ এমভিএ); ঙ) সমগ্র দেশে ১৩২/৩৩ কেভি গ্রীড উপকেন্দ্রঃ ৫ টি (মোট ৬৯৬ এমভিএ); চ) ১৩২/৩৩ কেভি তিন ফেজ পাওয়ার ট্রান্সফরমারঃ ১০টি (১৫০০ এমভিএ); ছ) ১৩২ কেভি ডবল সার্কিট লাইনে কন্ডাক্টর পরিবর্তনঃ ২২৯ কি.মি.; জ) ডাবল সার্কিট ১৩২ কেভি লাইনের এক সার্কিট তার স্থাপনঃ ৫১ কি.মি. এবং ঝ) বে-সম্প্রসারণঃ ৬টি।
একনেক অনুমোদন	২৬ এপ্রিল ২০১৪।
নির্মাণকাজে নিয়োজিত ঠিকাদার	ক) এইচজি পাওয়ার ট্রান্সমিশন এসডিএনবিএইচডি, মালয়েশিয়া ; খ) এনার্জিপ্যাক-দাইয়ু যৌথ উদ্যোগ; গ) সিমেন্স লিঃ ইন্ডিয়া এবং সিমেন্স বাংলাদেশ যৌথ উদ্যোগ।
প্রাক্কলন	সর্বমোট = টাকা ১,৩৩,২৬৭.৬২লক্ষ জিওবি = টাকা ২১,২৬৭.৬১ লক্ষ প্রকল্প ঋণ = টাকা ৯১,২৩৩.২১লক্ষ পিজিসিবি = টাকা ২০,৭৬৬.৮০ লক্ষ
অর্থায়নের উৎস	বিশ্বব্যাংক, বাংলাদেশ সরকার এবং পিজিসিবি।
২০১৭-২০১৮অগ্রগতি	ভৌতঃ ৩৮.৫০% আর্থিকঃ ৩৩.৫৭%
ক্রমপুঞ্জিভূত অগ্রগতি জুন, ২০১৮পর্যন্ত	ভৌতঃ ৮১.৭১% আর্থিকঃ ৪৪.২৫%
সমাপ্তির সময়	ডিসেম্বর ২০১৮।

৫। আশুগঞ্জ-ভুলতা ৪০০ কেভি ট্রান্সমিশন লাইন

লক্ষ্য	ক) আশুগঞ্জে আসন্ন ২ × ৪৫০ মেঃ ওঃ কম্বাইন্ড সাইকেল বিদ্যুৎ কেন্দ্রের বিদ্যুৎ সঞ্চালন এবং খ) রামপুরা ২৩০/১৩২ কেভি গ্রীড উপকেন্দ্রের মাধ্যমে ঢাকা মহানগরে আরো বেশী বিদ্যুৎ সরবরাহ।
প্রকল্পের প্রধান উপাদান	ক) ৪০০ কেভি আশুগঞ্জ-ভুলতা সঞ্চালন লাইন নির্মাণঃ ৭০ কি.মি.; খ) ২৩০ কেভি সঞ্চালন লাইন হরিপুর-রামপুরা লাইন ইন লাইন আউটঃ ৩ কি.মি.; গ) ২৩০ কেভি সঞ্চালন লাইন ঘোড়াশাল-রামপুরা লাইন ইন লাইন আউটঃ ১ কি.মি. এবং ঘ) ভুলতা ৪০০/২৩০ কেভি (২×৫২০ এমভিএ) গ্রীড উপকেন্দ্র নির্মাণ।
একনেক অনুমোদন	১৮ নভেম্বর ২০১৪।
নির্মাণকাজে নিয়োজিত ঠিকাদার	ক) কেইসি ইন্টারন্যাশনাল লিঃ, ইন্ডিয়া এবং খ) এবিবি ইন্ডিয়া লিঃ এবং এবিবি এজি, জার্মানী যৌথ উদ্যোগ।
প্রাক্কলন	সর্বমোট = টাকা ৮৫,৩৬৮.০৭ লক্ষ জিওবি = টাকা ৬৩,৭৮৫.৬৬ লক্ষ পিজিসিবি = টাকা ২১,৫৮২.৪১ লক্ষ
অর্থায়নের উৎস	বাংলাদেশ সরকার এবং পিজিসিবি।
২০১৭-২০১৮ অগ্রগতি	ভৌতঃ ৯.১৫% আর্থিকঃ ৪.৬৬%
ক্রমপুঞ্জিভূত অগ্রগতি জুন, ২০১৮পর্যন্ত	ভৌতঃ ৯৯.৬৫% আর্থিকঃ ৭৫.৯৪%
সমাপ্তির সময়	জুন ২০১৮।

৬। বিদ্যমান বাংলাদেশ (ভেড়ামারা)-ভারত (বহরমপুর) আন্তঃসংযোগ গ্রীডের সক্ষমতা (৫০০ মেঃওঃ) বৃদ্ধি প্রকল্প

লক্ষ্য	ক) বিদ্যমান বাংলাদেশ (ভেড়ামারা)-ভারত (বহরমপুর) গ্রীড আন্তঃসংযোগ কেন্দ্রের সক্ষমতাবৃদ্ধির মাধ্যমে ভারত হতে অতিরিক্ত ৫০০ মেঃ ওঃ বিদ্যুৎ আমদানী করা এবং খ) উভয় দেশের আর্থসামাজিক অবস্থা উন্নয়নে ক্রম বর্ধমান বিদ্যুতের চাহিদা মেটানো।
প্রকল্পের প্রধান উপাদান	ক) ভেড়ামারা-ঈশ্বরদী ২৩০ কেভি ডাবল সার্কিট সঞ্চালন লাইনঃ ১২ কি.মি.; খ) ভেড়ামারায় ৫০০ মেঃ ওঃ এইচভিডিসি ব্যাক টু ব্যাক স্টেশন (দ্বিতীয় মডিউল) স্থাপন এবং গ) ঈশ্বরদীতে বিদ্যমান ২৩০/১৩২ কেভি গ্রীড উপকেন্দ্রের বে-সম্প্রসারণঃ ২টি এবং ভেড়ামারা এইচভিডিসি স্টেশনে ২৩০ কেভি বে-সম্প্রসারণঃ ২টি
একনেক অনুমোদন	১৩ মার্চ ২০১৫।
নির্মাণ কাজে নিয়োজিত ঠিকাদার	ক) সিমেন্স এজি, জার্মানি এবং খ) হ্যানব্যাক, কোরিয়া ; গ) পিজিসিআইএল, ইন্ডিয়া (পরামর্শক সেবা)।
প্রাক্কলন	সর্বমোট = টাকা ১,৮৭,৭৯১.৯৯ লক্ষ জিওবি = টাকা ৬০,৪০৩.৭৪ লক্ষ প্রকল্প ঋণ = টাকা ১,০০,০৪৫.২৩ লক্ষ পিজিসিবি = টাকা ২৭,৩৪৩.০২ লক্ষ
অর্থায়নের উৎস	এশীয় উন্নয়ন ব্যাংক, বাংলাদেশ সরকার এবং পিজিসিবি।
২০১৭-২০১৮অগ্রগতি	ভৌতঃ ৪৬.২১% আর্থিকঃ ৪৮.৯১%
ক্রমপুঞ্জিভূত অগ্রগতি জুন, ২০১৮ পর্যন্ত	ভৌতঃ ৯৭.৯৯% আর্থিকঃ ৭২.২৫%
সমাপ্তির সময়	ডিসেম্বর ২০১৮।

৭। পশ্চিমাঞ্চলীয় গ্রীড নেটওয়ার্ক উন্নয়ন প্রকল্প

লক্ষ্য	ক) রংপুর, পাবনা, রাজশাহী, মংলা এবং সাতক্ষীরা এলাকার ক্রমবর্ধমান চাহিদা মিটানো; খ) রাজশাহী এবং ঈশ্বরদীর মধ্যে ২৩০ কেভি সঞ্চালন সংযোগ স্থাপন এবং গ) গল্লামারী এবং গোপালগঞ্জের মধ্যে ১৩২ কেভি সঞ্চালন সংযোগ স্থাপন।
প্রকল্পের প্রধান উপাদান	ক) ২৩০ কেভি সঞ্চালন লাইনঃ ৮০ কি.মি.; খ) ১৩২ কেভি সঞ্চালন লাইনঃ ২১৮ কি.মি.; গ) ১৩২ কেভি সঞ্চালন লাইন রিকন্ডাক্টরিং ৮০ কি.মি.; ঘ) ২৩০/১৩২ কেভি গ্রীড উপকেন্দ্রঃ ২টি (মোট ১২৭৫ এমভিএ); ঙ) ১৩২/৩৩ কেভি গ্রীড উপকেন্দ্রঃ ৩টি (মোট ৪৫০ এমভিএ); চ) ২৩০ কেভি বে-সম্প্রসারণঃ ২টি এবং ছ) ১৩২ কেভি বে-সম্প্রসারণঃ ৯টি
একনেক অনুমোদন	৮ ডিসেম্বর ২০১৫।
নির্মাণ কাজে নিয়োজিত ঠিকাদার	ক) মেসার্স কেইসি ইন্টারন্যাশনাল লি; খ) মেসার্স এনার্জিপ্যাক ইঞ্জিনিয়ারিং লি; গ) মেসার্স সিমেন্স লি, ভারত; ঘ) মেসার্স এইচ জি পাওয়ার ট্রান্সমিশন এবং ঙ) মেসার্স জিওপিএ-ইন্টারন্যাশনাল এনার্জি কন্সাল্টেন্টস।
প্রাক্কলন	সর্বমোট= টাকা ১,৪২,৩৮৯.৫০ লক্ষ জিওবি = টাকা ৩২,৪৭৫.৩৮ লক্ষ
	প্রকল্প ঋণ = টাকা ৬২,৫২০.০০ লক্ষ পিজিসিবি = টাকা ৪৭,৩৯৪.১৩ লক্ষ
অর্থায়নের উৎস	কে এফ ডব্লিউ, বাংলাদেশ সরকার এবং পিজিসিবি।
২০১৭-২০১৮অগ্রগতি	ভৌতঃ ১৫.৯০% আর্থিকঃ ১৫.৪২%
ক্রমপুঞ্জিভূত অগ্রগতি জুন, ২০১৮পর্যন্ত	ভৌতঃ ২৪.৩১% আর্থিকঃ ১৯.৫৮%
সমাপ্তির সময়	জুন, ২০১৯।

৮। ইনস্টিটিউশনাল স্ট্রেংদেনিং অব পিজিসিবি

লক্ষ্য	ক) সক্ষমতা উন্নয়ন এবং প্রাতিষ্ঠানিক শক্তিশালীকরণ-এর মাধ্যমে পিজিসিবি'র সেবার মানোন্নয়ন; খ) ইউটিলিটি কার্যকারিতা উন্নয়ন, সক্ষমতা বৃদ্ধি, প্রাতিষ্ঠানিক শক্তিশালীকরণ, আর্থিক ব্যবস্থাপনা, পরিচালন দক্ষতা উন্নয়নের মাধ্যমে পিজিসিবি'র প্রাতিষ্ঠানিক সম্পদ বৃদ্ধিকরণ এবং গ) প্রতিষ্ঠানের লক্ষ্যসমূহ অর্জনে পিজিসিবিতে নিয়োজিত কারিগরী ও অকারিগরী কর্মকর্তা-কর্মচারীদের সক্ষমতা উন্নয়ন এবং তাদেরকে ইউটিলিটি কার্যকরভাবে ব্যবস্থাপনার সক্ষম করে তোলা।
প্রকল্পের প্রধান উপাদান	প্রকল্পটি কারিগরী দক্ষতার বিশেষ উন্নয়নকে সমর্থন করে। বিশেষ করে সিস্টেম প্রটেকশন দপ্তর, সিস্টেম পরিকল্পনা দপ্তর, প্রকল্প পরিকল্পনা দপ্তর, সিএনএসটি, স্ক্যাডা দপ্তর, গবেষণা এবং কারিগরী দপ্তর নক্সা ও মাননিয়ন্ত্রণ দপ্তর, প্রকল্প দপ্তর, মানব সম্পদ দপ্তর। কর্মসূচীতে অর্থ সক্ষমতা ও কারিগরী সক্ষমতা উন্নয়নের বিষয়টিও অন্তর্ভুক্ত রয়েছে।
একনেক অনুমোদন	২৭ জুলাই ২০১৬।
নির্মাণ কাজে নিয়োজিত ঠিকাদার	সেন্টার ফর ম্যানেজমেন্ট ডেভলপমেন্ট
প্রাক্কলন	সর্বমোট = টাকা ২,৫৯৬.৫৪ লক্ষ জিওবি = টাকা ৮৮.০৮ লক্ষ প্রকল্প ঋণ =টাকা ২,৩৩৩.৪৪ লক্ষ পিজিসিবি = টাকা ১৭৫.০২ লক্ষ
অর্থায়নের উৎস	বিশ্বব্যাংক, বাংলাদেশ সরকার এবং পিজিসিবি।
২০১৭-২০১৮ অগ্রগতি	ভৌতঃ ১৮.৯০% আর্থিকঃ ৮.৬৬%
ক্রমপুঞ্জিভূত অগ্রগতি জুন, ২০১৮পর্যন্ত	ভৌতঃ ১৯.৭০% আর্থিকঃ ৮.৬৬%
সমাপ্তির সময়	জুন ২০১৮ (প্রকল্পের মেয়াদ জুন,২০১৯ পর্যন্ত বৃদ্ধির প্রক্রিয়া চলমান)।

৯। আমিনবাজার-মাওয়া-মংলা ৪০০ কেভি সঞ্চালন লাইন প্রকল্প

লক্ষ্য	ক) আসন্ন রামপাল কয়লা ভিত্তিক বিদ্যুৎ কেন্দ্র হতে বিদ্যুৎ স্থানান্তর প্রকল্পের প্রধান লক্ষ্য; খ) ঢাকা ও খুলনা এলাকার মধ্যে ৪০০ কেভি সঞ্চালন লাইনের মাধ্যমে সংযোগ স্থাপন ; গ) পদ্মা সেতুর পার্শ্বে প্রথম ৪০০ কেভি রিভার ক্রসিং সঞ্চালন লাইন নির্মাণ এবং গ) আমিনবাজারে ৪০০ কেভি এআইএস গ্রীড উপকেন্দ্র নির্মাণ।
প্রকল্পের প্রধান উপাদান	ক) আমিনবাজার-মাওয়া-মংলা ৪০০ কেভি ডাবল সার্কিট সঞ্চালন লাইনঃ ১৬৪.৬ কিমি; খ) পদ্মা সেতুর পার্শ্বে রিভার ক্রসিং সঞ্চালন লাইনঃ ৯.৪ কিমি এবং গ) আমিনবাজারে ৪০০/২৩০ কেভি গ্রীড উপকেন্দ্রঃ ১টি (৩×৫২০ এমভিএ)
একনেক অনুমোদন	২৬ এপ্রিল ২০১৬
নির্মাণকাজে নিয়োজিত ঠিকাদার	ক) মেসার্স আইএনটিইসি-জিওপিএ ইন্টারন্যাশনাল এনার্জি কন্সালট্যান্টস জিএমবিএইচ এবং খ) মেসার্স এন এন বিল্ডার্স লি।
প্রাক্কলন	সর্বমোট = টাকা ১,৩৫,৬৫৯.২৩ লক্ষ জিওবি = টাকা ৫৩,৮৩৮.১২ লক্ষ প্রকল্প ঋণ = টাকা ৬৬,২৯৯.২৭ লক্ষ পিজিসিবি = টাকা ১৫,৫২১.৮৪ লক্ষ
অর্থায়নের উৎস	এশীয় উন্নয়ন ব্যাংক, বাংলাদেশ সরকার এবংপিজিসিবি।
২০১৭-২০১৮ অগ্রগতি	ভৌতঃ ৯.০০% আর্থিকঃ ১.৪৮%
ক্রমপুঞ্জিভূত অগ্রগতি জুন, ২০১৮পর্যন্ত	ভৌতঃ ১৫.২০% আর্থিকঃ ৩.০৬%
সমাপ্তির সময়	জুন ২০২০।

১০। ঢাকা-চট্টগ্রাম মেইন পাওয়ার গ্রীড স্ট্রেংদেনিং প্রকল্প

লক্ষ্য	ক) মাতারবাড়ী আসন্ন ১২০০ মেঃ ওঃ বিদ্যুৎ কেন্দ্রের বিদ্যুৎ স্থানান্তর এ প্রকল্পের মূল উদ্দেশ্য; খ) মেঘনাঘাট-মদুনাঘাট ডবল সার্কিট সঞ্চালন লাইন নির্মাণের মাধ্যমে ঢাকা-চট্টগ্রামের মধ্যে ৪০০ কেভি প্রধান সঞ্চালন লাইন স্থাপন ; গ) মেঘনাঘাট ৪০০ কেভি এআইএস এবং মদুনাঘাট ৪০০ কেভি জিআইএস গ্রীড উপকেন্দ্র নির্মাণ এবং ঘ) বিদ্যমান মদুনাঘাট ১৩২ কেভি গ্রীড সাবস্টেশন ২৩০ কেভি ভোল্টেজে উন্নীতকরণ।
প্রকল্পের প্রধান উপাদান	ক) মেঘনাঘাট-মদুনাঘাট ৪০০ কেভি ডাবল সার্কিট সঞ্চালন লাইনঃ ২১৪ কি.মি.; খ) বিদ্যমান মদুনাঘাট এবং নতুন মদুনাঘাট গ্রীড উপকেন্দ্রের মধ্যে ২৩০ কেভি ডবল সার্কিট সঞ্চালন লাইনঃ ৮ কি.মি.; গ) হাটহাজারী-শিকলবাহা ২৩০ কেভি লাইন হতে নতুন মদুনাঘাট গ্রীড উপকেন্দ্রে লাইন ইন লাইন আউটঃ ৫ কি.মি.; ঘ) মেঘনাঘাট ৪০০ কেভি এআইএস গ্রীড উপকেন্দ্রঃ ১টি (২×৭৫০ এমভিএ); ঙ) মদুনাঘাটে ৪০০ কেভি জিআইএস গ্রীড উপকেন্দ্রঃ ১টি (৩×৭৫০ এমভিএ); চ) মেঘনাঘাট ২৩০ কেভি এআইএস সুইচিং স্টেশন নির্মাণ; ছ) মদুনাঘাট ২৩০ কেভি জিআইএস সুইচিং স্টেশন নির্মাণ; জ) মদুনাঘাট ১৩২ কেভি গ্রীড উপকেন্দ্র টি ২৩০ কেভি গ্রীড উপকেন্দ্রে উন্নীতক এবং ঝ) মাতারবাড়ীতে জিআইবি এবং সান্ট রিএকটর স্থাপন।
একনেক অনুমোদন	২১ জুলাই ২০১৬।
নির্মাণকাজে নিয়োজিত ঠিকাদার	টোকিও ইলেকট্রিক পাওয়ার সার্ভিসেস কোঃ লিঃ (টিইপিএসসিও) **joint Venture with** নিপ্পন কোয়েই কো লিঃ (এন কে)
প্রাক্কলন	সর্বমোট = টাকা ৪,৫৬,৭৪৯.৩৮লক্ষ জিওবি = টাকা ১,৩৪,০৪০.৬৯ লক্ষ প্রকল্প ঋণ = টাকা ২,৭৬,৭৫৫.৫৮ লক্ষ পিজিসিবি = টাকা ৪৫,৯৫৩.১০ লক্ষ
অর্থায়নের উৎস	জাইকা, বাংলাদেশ সরকার এবং পিজিসিবি।
২০১৭-২০১৮অগ্রগতি	ভৌতঃ ৬.১৮% আর্থিকঃ ০.৪২%
ক্রমপুঞ্জিভূত অগ্রগতি জুন, ২০১৮পর্যন্ত	ভৌতঃ ৬.৮৪% আর্থিকঃ ১.১৬%
সমাপ্তির সময়	ডিসেম্বর ২০২০।

১১। গ্রীড ভিত্তিক বিদ্যুৎ সরবরাহে দক্ষতা উন্নয়ন প্রকল্প

লক্ষ্য	ক) বিদ্যুৎ সরবরাহে নির্ভরযোগ্যতা বৃদ্ধি; খ) বিদ্যুৎ সঞ্চালন ব্যবস্থায় বিরাজমান "বোটলনেক" দূরকরণ; গ) নিকটবর্তী ভবিষ্যতে বিদ্যমান সুবিধাসমূহে ওভারলোড দূরকরণ; ঘ) ভবিষ্যতে বিদ্যুৎ চাহিদা পূরণ; ঙ) বিদ্যুৎ সঞ্চালন ব্যবস্থায় ভোল্টেজ লেভেলের মান উন্নয়ন; চ) বিদ্যুৎ সঞ্চালনে বিঘ্নতা হ্রাস এবং ছ) নতুন গ্রাহকদের সংযোগ প্রদানের লক্ষ্যে বিদ্যুৎ সঞ্চালন নেটওয়ার্ক শক্তিশালীকরণ।
প্রকল্পের প্রধান উপাদান	১) ২৩০ কেভি সঞ্চালন ডাবল সার্কিট লাইন নির্মাণঃ ৮২ কি.মি.; ২) ১৩২ কেভি ডাবল সার্কিট সঞ্চালন লাইন নির্মাণঃ ৯৫.১ কি.মি.; ৩) নওগাঁ-নিয়ামতপুর ১৩২ কেভি সঞ্চালন লাইনের দ্বিতীয় সার্কিট স্ট্রিংগিং-৪৬ কি.মি.; ৪) রাজবাড়ি-বরিশাল ১৩২ কেভি ডাবল সার্কিট সঞ্চালন লাইন রি-কন্ডাক্টারিং-১৫০ কি.মি.; ৫) ২৩০/১৩২ কেভি উপকেন্দ্র নির্মাণঃ ০৫টি (মোট ৩৩০০ এমভিএ); ৬) নতুন ১৩২/৩৩ কেভি উপকেন্দ্র নির্মাণঃ ০৮টি (মোট ১৭৪০ এমভিএ); ৯) ১৩২/৩৩ কেভি উপকেন্দ্র সংস্কারঃ ০৬ টি (মোট ১২৬০ এমভিএ); ১০) ১৩২ কেভি বে সম্প্রসারণঃ ১৫ টি এবং ১১) লাইন ইন-লাইন আউট নির্মাণঃ ১৬.৭২৫ কি.মি.।
একনেক অনুমোদন	১০ নভেম্বর ২০১৬।
নির্মাণকাজে নিয়োজিত ঠিকাদার	ক) জিওপিএ-ইন্টারন্যাশনাল এনার্জি কন্সালট্যান্টস জিএমবিএইচ।
প্রাক্কলন	সর্বমোট = টাকা ২,৯৮,২৩৭.৯০ লক্ষ জিওবি = টাকা ১,২৫,৩১১.২৩ লক্ষ প্রকল্প ঋণ = টাকা ১,২৪,২৫২.৬৬ লক্ষ পিজিসিবি = টাকা ৪৮,৬৭৪.০১ লক্ষ
অর্থায়নের উৎস	বাংলাদেশ সরকার, কেএফডব্লিউ এবং পিজিসিবি।
২০১৭-২০১৮অগ্রগতি	ভৌতঃ ৩.৬৬% আর্থিকঃ ১.৯৫%
ক্রমপুঞ্জিভূত অগ্রগতি জুন, ২০১৮পর্যন্ত	ভৌতঃ ৪.০৩% আর্থিকঃ ২.৪১%
সমাপ্তির সময়	জুন ২০২১।

১২। পাওয়ার গ্রীড নেটওয়ার্ক স্ট্রেংদেনিং প্রজেক্ট আন্ডার পিজিসিবি (জি টু জি)

লক্ষ্য	দেশব্যাপী নির্ভরযোগ্য বিদ্যুৎ সঞ্চালনের জন্য প্রয়োজনীয় গ্রীড অবকাঠামো নির্মাণ ও প্রয়োজনীয় সংস্কার সাধন।
প্রকল্পের প্রধান উপাদান	ক) ৪০০ কেভি নতুন সঞ্চালন লাইনঃ ১০০ কি.মি.; খ) ২৩০ কেভি নতুন সঞ্চালন লাইনঃ ৩৩০.২০ কি.মি.; গ) ১৩২ কেভি নতুন সঞ্চালন লাইনঃ ৩৩৪.৫০ কি.মি.; ঘ) বিদ্যমান ১৩২ কেভি সঞ্চালন লাইনের কন্ডাক্টর আপগ্রেডেশনঃ ২২৫ কি.মি.; ঙ) ৪০০/১৩২ কেভি নতুন উপকেন্দ্রঃ ১টি (৬৫০ এমভিএ); চ) ২৩০/১৩২ কেভি নতুন উপকেন্দ্রঃ ১২টি (৯২০০ এমভিএ); ছ) ২৩০/১৩২ কেভি বিদ্যমান উপকেন্দ্রের ক্ষমতাবৃদ্ধিঃ ৭টি (৩০৩৫ এমভিএ); জ) ১৩২/৩৩ কেভি নতুন উপকেন্দ্রঃ ২৮টি (৭৪০৪ এমভিএ); ঝ) ১৩২/৩৩ কেভি বিদ্যমান উপকেন্দ্রে ক্ষমতাবৃদ্ধিঃ ২৮টি (৪০৪৪ এমভিএ); ঞ) বিদ্যমান উপকেন্দ্রের রেনোভেশনঃ ৫টি এবং ট) নতুন স্পেশালাইজড ইঞ্জিনিয়ারিং ফ্যাসিলিটি নির্মাণঃ ৭টি।
একনেক অনুমোদন	২২ নভেম্বর ২০১৬।
নির্মাণকাজে নিয়োজিত ঠিকাদার	ক) সিসিসিই-ইটিইআরএন-এফইপিইসি কনসোর্টিয়াম
প্রাক্কলন	সর্বমোট = টাকা ১৩,৭০,৩৩০.৯৪ লক্ষ জিওবি = টাকা ৩,৭২,৯২৪.৭২ লক্ষ প্রকল্পঋণ = টাকা ৯,৭০,৭৬১.৮৮লক্ষ পিজিসিবি = টাকা ২৬,৬৪৪.৩৪ লক্ষ
অর্থায়নের উৎস	চীন সরকার (জিটুজি), বাংলাদেশ সরকার এবং পিজিসিবি।
২০১৭-২০১৮ অগ্রগতি	ভৌতঃ ৩.০০% আর্থিকঃ ০.০৩%
ক্রমপুঞ্জিভূত অগ্রগতি জুন, ২০১৮পর্যন্ত	ভৌতঃ ৩.০০% আর্থিকঃ ০.০৩%
সমাপ্তির সময়	জুন ২০২১।

১৩। পটুয়াখালী (পায়রা)-গোপালগঞ্জ ৪০০ কেভি সঞ্চালন লাইন এবং গোপালগঞ্জ ৪০০ কেভি গ্রীড উপকেন্দ্র নির্মাণ

লক্ষ্য	ক) পটুয়াখালী এলাকার কয়লা ভিত্তিক বিদ্যুৎ কেন্দ্র হতে উৎপাদিত বিপুল পরিমাণ বিদ্যুৎ ইভাকুয়েশন নিশ্চিত করা এবং খ) গোপালগঞ্জে একটি উচ্চক্ষমতা সম্পন্ন পাওয়ার হাব তৈরী করা।
প্রকল্পের প্রধান উপাদান	ক) পটুয়াখালী (পায়রা)-গোপালগঞ্জ ৪০০ কেভি ডাবল সার্কিট সঞ্চালন লাইনঃ ১৬০ কি.মি. (৭ কি.মি. রিভারক্রসিং সহ); খ) মাদারীপুর - গোপালগঞ্জ (পুরাতন) ১৩২ কেভি ডাবল সার্কিট ইন-আউট লাইনঃ ৮ কি.মি.; গ) মাদারীপুর - ফরিদপুর ১৩২ কেভি ডাবল সার্কিট ইন-আউট লাইনঃ ১ কি.মি. এবং ঘ) গোপালগঞ্জ ৪০০/১৩২ কেভি এআইএস গ্রীড উপকেন্দ্রঃ ১ টি (মোট ৩×৩২৫ এমভিএ)।
একনেক অনুমোদন	২৫ এপ্রিল ২০১৭।
নির্মাণকাজে নিয়োজিত ঠিকাদার	ক) জিএস ইঞ্জিনিয়ারিং এন্ড কনস্ট্রাকশন কর্পোরেশন এবং খ) এম এম বিল্ডার্স এন্ড ইঞ্জিনিয়ার্স লিঃ ও মেসার্স খোকন ট্রেডিং এজেন্সি যৌথ উদ্যোগে।
প্রাক্কলন	সর্বমোট = টাকা ৩,২৯,৪২৪.৪৬ লক্ষ জিওবি = টাকা ২,৭০,৭৭৪.৭৯ লক্ষ প্রকল্প ঋণ = টাকা ৩৪,৮৭১.২৬ লক্ষ পিজিসিবি = টাকা ২৩,৭৭৮.৪১ লক্ষ
অর্থায়নের উৎস	বাংলাদেশ সরকার, এডিবি এবং পিজিসিবি।
২০১৭-২০১৮ অগ্রগতি	ভৌতঃ ২২.৭০% আর্থিকঃ ১২.৬৮%
ক্রমপুঞ্জিভূত অগ্রগতি জুন, ২০১৮ পর্যন্ত	ভৌতঃ ২৩.৭০% আর্থিকঃ ১৪.২৯%
সমাপ্তির সময়	ডিসেম্বর ২০১৯।

১৪। পটুয়াখালী-পায়রা ২৩০ কেভি সঞ্চালন লাইন নির্মাণ

লক্ষ্য	ক) প্রকল্পের মূল উদ্দেশ্য হচ্ছে পায়রা ১৩২০ মেঃ ওঃ পাওয়ার প্লান্টের ১ম ইউনিট (৬৬০ মেঃ ওঃ) এর ব্যাক ফিড পাওয়ার সরবরাহ করা এবং খ) ২৩০ কেভি ট্রান্সমিশন লাইন তৈরির মাধ্যমে পায়রা কয়লা ভিত্তিক পাওয়ার প্লান্টের পার্শ্ববর্তী এলাকার ভবিষ্যৎ বিদ্যুৎ চাহিদা পূরণ।
প্রকল্পের প্রধান উপাদান	ক) ২৩০ কেভি সঞ্চালন লাইন নির্মাণঃ ৪৭ কি.মি.; খ) ১৩২ কেভি সুইচ ইয়ার্ড নির্মাণ (ট্রান্সফরমার ছাড়া) এবং গ) ১৩২ কেভি বে সম্প্রসারণঃ ২টি।
একনেক অনুমোদন	৩১ জানুয়ারী ২০১৭।
নির্মাণকাজে নিয়োজিত ঠিকাদার	ক) চায়না ন্যাশনাল ক্যাবল ইঞ্জিনিয়ারিং কর্পোরেশন (সিসিসি) এবং উযি জিয়াংনান ক্যাবল কোঃ লিঃ (জিয়াংনান), চায়না যৌথ উদ্যোগ এবং খ) এনার্জিপ্যাক ইঞ্জিনিয়ারিং লিঃ ।
প্রাক্কলন	সর্বমোট = টাকা ৩৩,৬০১.৩০ লক্ষ জিওবি = টাকা ২৯,৫৪৪.৭৩ লক্ষ পিজিসিবি = টাকা ৪,০৫৬.৫৭ লক্ষ
অর্থায়নের উৎস	জিওবি, পিজিসিবি।
২০১৭-২০১৮ অগ্রগতি	ভৌতঃ ৮.৩৪% আর্থিকঃ ৭.৪৩%
ক্রমপুঞ্জিভূত অগ্রগতি জুন, ২০১৮ পর্যন্ত	ভৌতঃ ৮.৩৪% আর্থিকঃ ৭.৪৩%
সমাপ্তির সময়	জুন ২০১৯।

১৫। মাতারবাড়ী আলট্রাসুপার ক্রিটিক্যাল কোল ফায়ারড পাওয়ার প্রকল্প (২) (পিজিসিবি অংশঃ "মাতারবাড়ী-মদুনাঘাট ৪০০ কেভি সঞ্চালন লাইন") প্রকল্প

লক্ষ্য	প্রকল্পের মূল উদ্দেশ্য হচ্ছে মাতারবাড়ি ১২০০ মেঃ ওঃ পাওয়ার প্লান্টের উৎপাদিত বিদ্যুৎ ইভ্যাকুয়েশনের জন্য প্রয়োজনীয় অবকাঠামো নির্মাণ করা এবং মাতারবাড়ি ও মদুনাঘাটের মধ্যে বিদ্যুৎ সঞ্চালণের জন্য প্রয়োজনীয় সঞ্চালন ব্যবস্থা তৈরী করা।
প্রকল্পের প্রধান উপাদান	৪০০ কেভি সঞ্চালন লাইন নির্মাণ করা।
একনেক অনুমোদন	২১ জুলাই ২০১৬।
নির্মাণকাজে নিয়োজিত ঠিকাদার	প্রক্রিয়াধীন রয়েছে।
প্রাক্কলন	সর্বমোট = টাকা ১,০৯,০৮০.৯০ লক্ষ জিওবি = টাকা ২২,৩৬০.৬৭ লক্ষ প্রকল্প ঋণ = টাকা ৭৮,৭১০.০২ লক্ষ পিজিসিবি = টাকা ৮,০১০.২১ লক্ষ
অর্থায়নের উৎস	জাইকা, জিওবি, পিজিসিবি।
২০১৭-২০১৮ অগ্রগতি	ভৌতঃ ৫.০০% আর্থিকঃ ০.১১%
ক্রমপুঞ্জিভূত অগ্রগতি জুন, ২০১৮পর্যন্ত	ভৌতঃ ৫.০০% আর্থিকঃ ০.১১%
সমাপ্তির সময়	ডিসেম্বর ২০২০।

১৬। বাংলাদেশ পাওয়ার সিস্টেম রিলায়েবিলিটি এন্ড এফিসিয়েন্সি ইম্প্রুভমেন্ট প্রকল্প

লক্ষ্য	বিদ্যুৎ ব্যবস্থাকে নিরাপদ, নির্ভরযোগ্য করার জন্য এবং দীর্ঘ মেয়াদে ভবিষ্যৎ চাহিদা মোকাবেলার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন।
প্রকল্পের প্রধান উপাদান	ক) বরিশাল (উত্তর)-বরিশাল ১৩২ কেভি ডাবল সার্কিট লাইন রিকন্ডাক্টরিং- ১০ কি.মি.; খ) সৈয়দপুর-পূর্ব সাদিপুর ১৩২ কেভি ডাবল সার্কিট লাইন রিকন্ডাক্টরিং- ৩০ কি.মি.; গ) পাওয়ার জেনারেটরগুলো কে এনএলডিসি নেটওয়ার্কের সাথে যুক্ত করা এবং স্ক্যাডা/ইএমএস কোরকে প্রয়োজনীয় উন্নয়নের মাধ্যমে ডিসপ্যাচ সিস্টেমকে আধুনিকীকরণ এবং ঘ) ডায়নামিক লাইন রেটিং (ডিএলআর) স্থাপন-৪০০ কি.মি. খুবই গুরুত্বপূর্ণ সঞ্চালন লাইনে।
একনেক অনুমোদন	১১ জুলাই ২০১৭।
নির্মাণকাজে নিয়োজিত ঠিকাদার	প্রক্রিয়াধীন রয়েছে।
প্রাক্কলন	সর্বমোট = টাকা ৫৭,৯৯৫.২০ লক্ষ জিওবি = টাকা ৯,২৪৯.৮৪ লক্ষ প্রকল্প ঋণ = টাকা ৪৩,০৪২.৪০ লক্ষ পিজিসিবি =টাকা ৫,৭০২.৯৬ লক্ষ
অর্থায়নের উৎস	বিশ্বব্যাংক, জিওবি, পিজিসিবি ।
২০১৭-২০১৮ অগ্রগতি	ভৌতঃ ০.৫৩% আর্থিকঃ ০.০০%
ক্রমপুঞ্জিভূত অগ্রগতি জুন, ২০১৮ পর্যন্ত	ভৌতঃ ০.৫৩% আর্থিকঃ ০.০০%
সমাপ্তির সময়	জুন ২০২১।

১৭। বাকেরগঞ্জ-বরগুনা ১৩২ কেভি সঞ্চালন এবং বরগুনা ১৩২/৩৩ কেভি উপকেন্দ্র নির্মাণ প্রকল্প

লক্ষ্য	বরগুনা ও এর পার্শ্ববর্তী এলাকাসমূহে নিরবচ্ছিন্ন ও নির্ভরযোগ্য বিদ্যুৎ সরবরাহ সুনিশ্চিত করা।
প্রকল্পের প্রধান উপাদান	ক) বাকেরগঞ্জ-বরগুনা ডাবল সার্কিট টাওয়ারে সিঙ্গেল সার্কিট স্ট্রিংগিং- ৫০ কি.মি. এবং খ) বরগুনা ১৩২/৩৩ কেভি এআইএস উপকেন্দ্র নির্মান- ২×৫০/৭৫ এমভিএ ট্রান্সফরমার।
একনেক অনুমোদন	৩১ অক্টোবর ২০১৭।
নির্মাণকাজে নিয়োজিত ঠিকাদার	ক) চায়না ন্যাশনাল ক্যাবল ইঞ্জিনিয়ারিং কোঃ লি এবং খ) এইচ জি পাওয়ার ট্রান্সমিশন
প্রাক্কলন	সর্বমোট = টাকা ১৪,৩১৫.১৫ লক্ষ জিওবি = টাকা ১২,০৭৪.১৬ লক্ষ পিজিসিবি = টাকা ২,২৪০.৯৯ লক্ষ
অর্থায়নের উৎস	জিওবি, পিজিসিবি।
২০১৭-২০১৮ অগ্রগতি	ভৌতঃ ৯.১০% আর্থিকঃ ৬.৯৯%
ক্রমপুঞ্জিভূত অগ্রগতি জুন, ২০১৮ পর্যন্ত	ভৌতঃ ৯.১০% আর্থিকঃ ৬.৯৯%
সমাপ্তির সময়	ডিসেম্বর ২০১৯।

১৮। ভেড়ামারা (বাংলাদেশ)-বহরমপুর (ভারত) দ্বিতীয় ৪০০ কেভি ডাবল সার্কিট সঞ্চালন লাইন (বাংলাদেশ অংশ) নির্মাণ

লক্ষ্য	ভারত হতে আমদানিকৃত ১০০০ মেঃ ওঃ বিদ্যুৎ এর নির্ভরযোগ্য সঞ্চালন সুনিশ্চিত করা।
প্রকল্পের প্রধান উপাদান	ক) ভেড়ামারা (বাংলাদেশ)-বহরমপুর (ভারত) ২য় ৪০০ কেভি ডাবল সার্কিট সঞ্চালন লাইন নির্মান-২৮ কিমি এবং খ) ৪০০ কেভি বে সম্প্রসারণ-২টি ভেড়ামারা এইচভিডিসি স্টেশনে।
একনেক অনুমোদন	১৪ নভেম্বর ২০১৭।
নির্মাণকাজে নিয়োজিত ঠিকাদার	মেসার্স কল্পতরু পাওয়ার ট্রান্সমিশন লি।
প্রাক্কলন	সর্বমোট = টাকা ১৮,৯৩০.৫৫ লক্ষ জিওবি = টাকা ১৭,৪০৩.৯১ লক্ষ পিজিসিবি = টাকা ১,৫২৬.৬৪ লক্ষ
অর্থায়নের উৎস	জিওবি এবং পিজিসিবি
২০১৭-২০১৮ অগ্রগতি	ভৌতঃ ১১.৫০% আর্থিকঃ ৪.২৩%
ক্রমপুঞ্জিভূত অগ্রগতি জুন, ২০১৮ পর্যন্ত	ভৌতঃ ১১.৫০% আর্থিকঃ ৪.২৩%
সমাপ্তির সময়	জুন ২০১৯।

১৯। মীরসরাই অর্থনৈতিক অঞ্চলে নির্ভরযোগ্য বিদ্যুৎ সরবরাহের লক্ষ্যে সঞ্চালন অবকাঠামো উন্নয়ন প্রকল্প

লক্ষ্য	ক) প্রকল্পের মূল উদ্দেশ্য হল মীরসরাই অর্থনৈতিক অঞ্চলে নির্ভরযোগ্য ও নিরবচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহ করা এবং খ) পার্শ্ববর্তী এলাকায় ভবিষ্যতে নির্মিতব্য বিদ্যুৎ কেন্দ্রের উৎপাদিত বিদ্যুৎ ইভাকুয়েশন করা।
প্রকল্পের প্রধান উপাদান	ক) মীরসরাই-বিএসআরএম ৪০০ কেভি ডাবল সার্কিট সঞ্চালন লাইনঃ ১৭ কি. মি.; খ) মীরসরাই ২৩০/৩৩ কেভি জিআইএস উপকেন্দ্র নির্মাণ: ০১টি (২×১২০/১৮০ এমভিএ) এবং গ) বিদ্যমান বিএসআরএম ২৩০ কেভি জিআইএস উপকেন্দ্রে ২৩০ কেভি জিআইএস বে-সম্প্রসারণ: ২টি।
একনেক অনুমোদন	২৬ ডিসেম্বর ২০১৭।
নির্মাণকাজে নিয়োজিত ঠিকাদার	ক) কল্পতরু পাওয়ার ট্রান্সমিশন লি এবং খ) কন্সোর্টিয়াম অফ এনার্জিপ্যাক-হুন্দাই-পিডিসি
প্রাক্কলন	সর্বমোট = টাকা ৩২,৪৫৮.৫২ লক্ষ জিওবি = টাকা ৩০,৫৬৫.৭৯ লক্ষ পিজিসিবি =টাকা ১,৮৯২.৭৩ লক্ষ
অর্থায়নের উৎস	জিওবি, পিজিসিবি
২০১৭-২০১৮ অগ্রগতি	ভৌতঃ ৩.৫০% আর্থিকঃ ২.৫৭%
ক্রমপুঞ্জিভূত অগ্রগতি জুন, ২০১৮ পর্যন্ত	ভৌতঃ ৩.৫০% আর্থিকঃ ২.৫৭%
সমাপ্তির সময়	জুন ২০১৯।

খ) পিজিসিবি'র নিজস্ব অর্থায়নে প্রকল্প

১। আমনুরা ১৩২/৩৩ কেভি গ্রীড উপকেন্দ্র ও সংলগ্ন ১৩২ কেভি সঞ্চালন লাইন প্রকল্প

লক্ষ্য	চাঁপাইনবাবগঞ্জ জেলার আমনুরায় বিদ্যমান ৫০ মেঃওঃ এবং আসন্ন ১০০ মেঃওঃ বিদ্যুৎ কেন্দ্রের বিদ্যুৎ জাতীয় গ্রীডে সঞ্চালন এবং আমনুরা এলাকায় ক্রমবর্ধমান বিদ্যুৎ চাহিদা পূরণ।
প্রকল্পের প্রধান উপাদান	ক) আমনুরাতে ১৩২/৩৩ কেভি গ্রীড উপকেন্দ্র নির্মাণ (৩৫/৫০ এমভিএ) ; খ) ১৩২ কেভি সিঙ্গেল সার্কিট পোল সঞ্চালন লাইন নির্মাণ : ১৫ কি.মি.;।
একনেক অনুমোদন	৩০ সেপ্টেম্বর ২০১৩
নির্মাণকাজে নিয়োজিত ঠিকাদার	এনার্জি প্যাক ইঞ্জিনিয়ারিং লিঃ, বাংলাদেশ
প্রাক্কলন	সর্বমোট = টাকা ৯,১৬৬.৫৫ লক্ষ
অর্থায়নের উৎস	ঠিকাদারের অর্থায়ন ও পিজিসিবি।
২০১৭-২০১৮ অগ্রগতি	ভৌতঃ ৫.৯৬% আর্থিকঃ ৪.৭৩%
ক্রমপুঞ্জিভূত অগ্রগতি জুন, ২০১৮ পর্যন্ত	ভৌতঃ ৯৭.৫১% আর্থিকঃ ৬৪.৩৪%
সমাপ্তির সময়	মার্চ ২০১৯।

২। মংলা-খুলনা (দক্ষিণ) ২৩০ কেভি সঞ্চালন লাইন প্রকল্প

লক্ষ্য	ক) মংলায় আসন্ন ৬৬০ মেঃওঃ বিদ্যুৎ কেন্দ্রের বিদ্যুৎ ইভাকুয়েশন ; খ) মংলা বিদ্যুৎ কেন্দ্র নির্মাণের জন্য বিদ্যুৎ সরবরাহ অবকাঠামো নির্মাণ।
প্রকল্পের প্রধান উপাদান	ক) চার সার্কিট ২৪ কিলোমিটার ২৩০ কেভি মংলা-খুলনা (দক্ষিণ) সঞ্চালন লাইন (প্রথমে দুই সার্কিট কন্ডাক্টর স্থাপন) নির্মাণ এবং খ) খুলনা (দক্ষিণ) ২৩০ কেভি উপকেন্দ্রে দুটি বে-সম্প্রসারণ।
একনেক অনুমোদন	২০আগস্ট ২০১৪
নির্মাণকাজে নিয়োজিত ঠিকাদার	ক) ইএমসি এবং টিবিইএ যৌথউদ্যোগ, চীন এবং খ) সিমেন্স কনসোর্টিয়াম।
প্রাক্কলন	সর্বমোট = টাকা ১৩,৯৭৭.৬৪ লক্ষ
অর্থায়নের উৎস	পিজিসিবি।
২০১৭-২০১৮ অগ্রগতি	ভৌতঃ ৩০.২০ % আর্থিকঃ ২৬.৫৮%
ক্রমপুঞ্জিভূত অগ্রগতি জুন, ২০১৮ পর্যন্ত	ভৌতঃ ৮২.৮৯% আর্থিকঃ ৮৫.৬৩%
সমাপ্তির সময়	ডিসেম্বর ২০১৮।

২০১৭-১৮ অর্থ বছরে একনেক অনুমোদিত প্রকল্পসমূহ

ক্রম	প্রকল্পের নাম	একনেক অনুমোদনের তারিখ	কাজ সমাপ্তির তারিখ
১.	পূর্বাঞ্চলীয় গ্রীড নেটওয়ার্ক পরিবর্ধণ এবং ক্ষমতাবর্ধণ প্রকল্প	২৭/০২/২০১৮	ডিসেম্বর, ২০২১
২.	রূপপুর পারমাণবিক বিদ্যুৎ কেন্দ্রের উৎপাদিত বিদ্যুৎ ইভাকুয়েশনের জন্য সঞ্চালন অবকাঠামো উন্নয়ন প্রকল্প	১০/০৪/২০১৮	ডিসেম্বর, ২০২২
৩.	সূর্যমণিনগর (ত্রিপুরা, ভারত) হতে কুমিল্লা উত্তরে (বাংলাদেশ) বিদ্যুৎ সরবরাহের জন্য কুমিল্লা উত্তরে (বাংলাদেশ) ৫০০ মেগাওয়াট এইচভিডিসি ব্যাক টু ব্যাক স্টেশন নির্মাণ প্রকল্প	২৯/০৫/২০১৮	জুন, ২০২১
৪.	আশুগঞ্জ ১৩২ কেভি পুরাতন এআইএস উপকেন্দ্রকে ১৩২ কেভি নতুন জিআইএস উপকেন্দ্র দ্বারা প্রতিস্থাপন প্রকল্প	০৩/০৪/২০১৮	ডিসেম্বর, ২০২০
৫.	দক্ষিণ-পশ্চিমাঞ্চলীয় ট্রান্সমিশন গ্রীড সম্প্রসারণ প্রকল্প	২১/০৬/২০১৮	জুন, ২০২৩

ভবিষ্যত উন্নয়ন পরিকল্পনা

ভবিষ্যতের বিদ্যুৎ চাহিদা পূরণ ও সরকারের "সকলের জন্য বিদ্যুৎ" পৌছে দেয়ার যে লক্ষ্য স্থির করা হয়েছে তা পূরণের জন্য পিজিসিবি সঞ্চালন নেটওয়ার্ক উন্নয়নে জন্য বিশাল পরিকল্পনা গ্রহণ করেছে। পিজিসিবি'র ভবিষ্যৎ উন্নয়ন প্রকল্পসমূহের একটি তালিকা নিম্নরূপঃ

ক্রম	প্রকল্পের নাম	কাজ সমাপ্তির সম্ভাব্য তারিখ
১.	বেজা'র অর্থনৈতিক অঞ্চলসমূহে (চট্টগ্রাম ও কক্সবাজার) নির্ভরযোগ্য বিদ্যুৎ সরবরাহের জন্য সঞ্চালন অবকাঠামো উন্নয়ন প্রকল্প	জুন, ২০২২
২.	এক্সপানসন এন্ড স্ট্রেনথেনিং অব পাওয়ার সিস্টেম নেটওয়ার্ক আন্ডার চিটাগং এরিয়া	জুন, ২০২০
৩.	বড়পুকুরিয়া-বগুড়া-কালিয়াকৈর ৪০০ কেভি সঞ্চালন লাইন প্রকল্প	জুন, ২০২২
৪.	এক্সপানসন এন্ড স্ট্রেনথেনিং অব পাওয়ার সিস্টেম নেটওয়ার্ক আন্ডার ডিপিডিসি এরিয়া	জুন, ২০২২
৫.	রেনোভেশন এন্ড আপগ্রেডেশন অফ এক্সজিস্টিং গ্রীড সাবস্টেশন এন্ড ট্রান্সমিশন লাইন	জুন, ২০২১
৬.	দক্ষিণ-পশ্চিমাঞ্চলীয় গ্রীড নেটওয়ার্ক সম্প্রসারণ প্রকল্প (ফেজ-২)	জুন, ২০২২
৭.	বাঁশখালী-মদুনাঘাট ৪০০ কেভি সঞ্চালন লাইন প্রকল্প	জুন, ২০২১
৮.	মদুনাঘাট-মহেশখালী ৭৬৫ কেভি সঞ্চালন লাইন প্রকল্প	জুন, ২০২৩
৯.	মদুনাঘাট-ভূলতা ৭৬৫ কেভি সঞ্চালন লাইন প্রকল্প	জুন, ২০২৩
১০.	পায়রা-গোপালগঞ্জ-আমিনবাজার ৪০০ কেভি সঞ্চালন ব্যবস্থা নির্মাণ প্রকল্প	ডিসেম্বর ২০২১
১১.	এক্সপানসন এন্ড স্ট্রেনদেনিং অব পাওয়ার সিস্টেম নেটওয়ার্ক ইন ডেসকো এন্ড ইটস এডজাসেন্ট এরিয়াস (ফেজ-১)	ডিসেম্বর ২০২৩
১২.	বরনগর-পার্বতীপুর-কাতিহার ৭৬৫ কেভি বাংলাদেশ-ভারত গ্রীড আন্তঃসংযোগ প্রকল্প	ডিসেম্বর ২০২১

অর্থ বছর ২০১৭-২০১৮ সময়ের গুরুত্বপূর্ণ অর্জন

গত অর্থ বছরে পিজিসিবি'র নিম্নে উল্লেখ্যযোগ্য কার্যক্রম বাস্তবায়ন সম্পন্ন হয়েছে-

- ❖ আশুগঞ্জ-ভূলতা ৪০০ কেভি সঞ্চালন লাইন এবং ভূলতা ৪০০/২৩০ কেভি গ্রীড উপকেন্দ্র নির্মাণ;
- ❖ খাগড়াছড়ি জেলায় ১৩২/৩৩ কেভি গ্রীড উপকেন্দ্র এবং ১৩২ কেভি সঞ্চালন লাইন নির্মাণ এবং
- ❖ হাওড় বেষ্টিত সুনামগঞ্জ জেলায় ১৩২/৩৩ কেভি গ্রীড উপকেন্দ্র এবং ১৩২ কেভি সঞ্চালন লাইন নির্মাণ।

আশুগঞ্জ-ভূলতা ৪০০ কেভি সঞ্চালন লাইন এবং ভূলতা ৪০০/২৩০ কেভি গ্রীড উপকেন্দ্র নির্মাণ

সঞ্চালন নেটওয়ার্কের স্থিতিশীলতা ও নির্ভরযোগ্যতা বৃদ্ধির পাশাপাশি আশুগঞ্জ অঞ্চলে বিদ্যমান, নির্মাণাধীন ও নির্মিতব্য গ্যাস ভিত্তিক বৃহৎ বিদ্যুৎ কেন্দ্রসমূহ হতে বৃহত্তর ঢাকার চাহিদা পূরণে "আশুগঞ্জ-ভূলতা ৪০০ কেভি সঞ্চালন লাইন এবং ভূলতা ৪০০/২৩০ কেভি গ্রীড উপকেন্দ্র নির্মাণ" কাজ সমাপ্ত হয়। উক্ত অবকাঠামো নির্মাণের আওতায় আশুগঞ্জ পাওয়ার স্টেশন হতে প্রায় ৭০ কিঃ মিঃ ৪০০ কেভি সঞ্চালন লাইন ও ৪.৫ কিঃ মিঃ ২৩০ কেভি সঞ্চালন লাইন এবং ভূলতাস্থ ৪০০/২৩০ কেভি উপকন্দ্রে জাতীয় গ্রীড নেটওয়ার্কে যুক্ত হয়েছে। উক্ত অবকাঠামো বাস্তবায়নের ফলে নিম্মোক্ত সুবিধা হয়েছেঃ

- ❖ আশুগঞ্জ হতে ঢাকা'র পাশ্ববর্তী এলাকায় অধিক পরিমাণ বিদ্যুৎ সঞ্চালন এবং আশুগঞ্জ-ঘোড়াশাল, ঘোড়াশাল-টঙ্গী, ঘোড়াশাল-রামপুরা ২৩০ কেভি বিদ্যুৎ সঞ্চালন নেটওয়ার্কের বিদ্যমান ওভারলোডিং সমস্যার নিরসন হয়েছে;
- ❖ আশুগঞ্জ পাওয়ার স্টেশন হতে উৎপাদিত বিদ্যুৎ ভূলতা, রামপুরা, হরিপুর এলাকাসহ জাতীয় গ্রীডে সঞ্চালিত হচ্ছে;
- ❖ এই প্রকল্প বাস্তবায়নের ফলে বিদ্যুৎ সঞ্চালন নেটওয়ার্কের স্থিতিশীলতা আরও বৃদ্ধি হয়েছে;
- ❖ বৃহত্তর ঢাকা অঞ্চলের ভোল্টেজ লেভেল উন্নত হয়েছে;
- ❖ এই লাইন নির্মাণের ফলে সঞ্চালন লসের পরিমানও হ্রাস পেয়েছে এবং
- ❖ প্রকল্প এলাকায় আর্থিক কর্মকান্ডের সুযোগ বৃদ্ধি করেছে যা সরকারের দারিদ্রতা বিমোচনে গৃহীত উদ্যোগসমূহকে সহায়তা করছে।

খাগড়াছড়ি জেলায় ১৩২/৩৩ কেভি গ্রীড উপকেন্দ্র এবং ১৩২ কেভি সঞ্চালন লাইন নির্মাণ

পার্বত্য জেলা খাগড়াছড়িতে ইতোপূর্বে ৩৩ কেভি লাইনের মাধ্যমে বিদ্যুৎ সরবরাহ করা হতো। ৩৩ কেভি লাইনের কারণে উক্ত এলাকায় লো-ভোল্টেজ সমস্যা ছিল প্রকট, চাহিদামত বিদ্যুৎ সরবরাহ করা সম্ভব হতো না এবং বিদ্যুতের সিষ্টেম লসের পরিমাণ বেশি হতো। ১৩২ কেভি সঞ্চালন লাইন এবং গ্রীড উপকেন্দ্র নির্মাণের মাধ্যমে উক্ত সমস্যাগুলো স্থায়ীভাবে নিরসন করা সম্ভব হয়েছে, এতে উক্ত এলাকার জনগণের জীবনযাত্রার মান উন্নত হবে। উক্ত অবকাঠামো নির্মাণের আওতায় চন্দ্রঘোনা হতে খাগড়াছড়ি পর্যন্ত ৮০ কিলোমিটার ১৩২ কেভি ডাবল সার্কিট সঞ্চালন লাইন এবং খাড়গাছড়িতে ১৩২/৩৩ কেভি গ্রীড উপকেন্দ্র নির্মাণ করা হয়েছে।

উক্ত অবকাঠামো বাস্তবায়নের ফলে নিম্মোক্ত সুবিধা হয়েছে-

- ❖ পার্বত্য জেলা খাগড়াছড়ি প্রথমবারের মত সরাসরি জাতীয় গ্রীড নেটওয়ার্কের সাথে যুক্ত হয়েছে। ফলে জেলার অনগ্রসর জনগোষ্টির কাছে চাহিদা মোতবেক নিরবছিন্ন বিদ্যুৎ পৌঁছে দেওয়ার পথ সুগম হয়েছে;
- ❖ খাগড়াছড়ি জেলায় চাহিদামত নির্ভরযোগ্য বিদ্যুৎ সরবরাহ করা সম্ভব হবে;
- ❖ এই অবকাঠামো বাস্তবায়নের ফলে খাগড়াছড়ি জেলার বিদ্যুৎ সঞ্চালন নেটওয়ার্কের স্থিতিশীলতা বৃদ্ধি হয়েছে;
- ❖ অত্র এলাকার ৩৩ কেভি লেভেলে লো-ভোল্টেজ সমস্যার সমাধান হবে;
- ❖ এই লাইন নির্মানের বিদ্যমান ৩৩ কেভি নেটওয়াকের্র লসের পরিমান হ্রাস পেয়েছে এবং
- ❖ প্রকল্প এলাকায় আর্থিক কর্মকান্ডের সুযোগ বৃদ্ধি করেছে যা সরকারের দারিদ্রতা বিমোচনে গৃহীত উদ্যোগসমূহকে সহায়তা করছে।

হাওড় বেষ্টিত সুনামগঞ্জ জেলায় ১৩২/৩৩ কেভি গ্রীড উপকেন্দ্র এবং ১৩২ কেভি সঞ্চালন লাইন নির্মাণ

সুনামগঞ্জ জেলা ইতোপূর্বে ৩৩ কেভি লাইনের মাধ্যমে বিদ্যুৎ সরবরাহ করা হতো। ৩৩ কেভি লাইনের কারণে উক্ত এলাকায় লো-ভোল্টেজ সমস্যা ছিল প্রকট, চাহিদামত বিদ্যুৎ সরবরাহ করা সম্ভব হতো না এবং বিদ্যুতের সিষ্টেম লসের পরিমাণ বেশি হতো। ১৩২ কেভি সঞ্চালন লাইন এবং গ্রীড উপকেন্দ্র নির্মাণের মাধ্যমে উক্ত সমস্যাগুলো স্থায়ীভাবে নিরসন করা সম্ভব হয়েছে, এতে উক্ত এলাকার জনগণের জীবনযাত্রার মান উন্নত হবে। উক্ত অবকাঠামো নির্মাণের আওতায় ছাতক হতে সুনামগঞ্জ পর্যন্ত ৩২.০৫ কিলোমিটার ১৩২ কেভি ডাবল সার্কিট সঞ্চালন লাইন এবং সুনামগঞ্জে ১৩২/৩৩ কেভি গ্রীড উপকেন্দ্র নির্মাণ করা হয়েছে।

উক্ত অবকাঠামো বাস্তবায়নের ফলে নিম্মোক্ত সুবিধা হয়েছে-

হাওড় বেষ্টিত সুনামগঞ্জ জেলা প্রথমবারের মত সরাসরি জাতীয় গ্রীড নেটওয়ার্কের সাথে যুক্ত হয়েছে। ফলে জেলার অনগ্রসর জনগোষ্টির কাছে চাহিদা মোতবেক নিরবিছিন্ন বিদ্যুৎ পৌঁছে দেওয়ার পথ সুগম হয়েছে;

- ❖ সুনামগঞ্জ জেলায় চাহিদামত নির্ভরযোগ্য বিদ্যুৎ সরবরাহ করা সম্ভব হবে;
- ❖ এই অবকাঠামো বাস্তবায়নের ফলে সুনামগঞ্জ জেলার বিদ্যুৎ সঞ্চালন নেটওয়ার্কের স্থিতিশীলতা বৃদ্ধি হয়েছে;
- ❖ অত্র এলাকার ৩৩ কেভি লেভেলে লো-ভোল্টেজ সমস্যার সমাধান হবে;
- ❖ এই লাইন নির্মানের ফলে বিদ্যমান ৩৩ কেভি নেটওয়াকের্র সিষ্টেম লসের পরিমান হ্রাস পেয়েছে এবং
- ❖ প্রকল্প এলাকায় আর্থিক কর্মকান্ডের সুযোগ বৃদ্ধি করেছে যা সরকারের দারিদ্রতা বিমোচনে গৃহীত উদ্যোগসমূহকে সহায়তা করছে।



230kV site, Converter Transformer, Valve hall & Control Room, HVDC, Bheramara, Kushtia.

বিভিন্ন উন্নয়ন প্রকল্প নির্মাণ কাজ শেষ হওয়ায় আলোচ্য ২০১৭-২০১৮ অর্থ বছর নিম্নে উল্লিখিত সঞ্চালন অবকাঠামো চালু করা সম্ভব হয়েছে ঃ

ক) সঞ্চালন লাইন

ক্রমিক নং	সঞ্চালন লাইনের বিবরণ	সার্কিট কিলোমিটারে পরিমাণ
১	আশুগঞ্জ-ভূলতা ৪০০ কেভি ডাবল সার্কিট সঞ্চালন লাইন	১৩৮.০০ সার্কিট কিলোমিটার
২	ঘোড়াশাল-রামপুরা ২৩০ কেভি ডাবল সার্কিট সঞ্চালন লাইন ভূলতা উপকেন্দ্রের ইন-আউট	৩.৮৪ সার্কিট কিলোমিটার
৩	হরিপুর-রামপুরা ২৩০ কেভি ডাবল সার্কিট সঞ্চালন লাইন ভূলতা উপকেন্দ্রে ইন-আউট	১০.৪৯ সার্কিট কিলোমিটার
৪	হরিপুর-সিদ্ধিরগঞ্জ ২৩০ কেভি ডাবল সার্কিট সঞ্চালন লাইন	৩.৩০ সার্কিট কিলোমিটার
৫	টাঙ্গাইল-আরপিসিএল ১৩২কেভি কেভি ডাবল সার্কিট সঞ্চালন লাইন	১৮৬.৮৮ সার্কিট কিলোমিটার
৬	আমনুরা-চাঁপাইনবাবগঞ্জ ১৩২কেভি কেভি সিঙ্গেল সার্কিট সঞ্চালন লাইন	১২.৬ সার্কিট কিলোমিটার
৭	কালিয়াকৈর-ধামরাই ১৩২কেভি কেভি ডাবল সার্কিট সঞ্চালন লাইন	৪৫.৪৬ সার্কিট কিলোমিটার
৮	রাঙ্গমাটি- খাগড়াছড়ি ১৩২কেভি কেভি ডাবল সার্কিট সঞ্চালন লাইন	১০৪.৬ সার্কিট কিলোমিটার
৯	চন্দ্র ঘোনা - রাঙ্গমাটি ১৩২কেভি কেভি ডাবল সার্কিট সঞ্চালন লাইন	৫৫.৪ সার্কিট কিলোমিটার
১০	ছাতক- সুনামগঞ্জ ১৩২কেভি কেভি ডাবল সার্কিট সঞ্চালন লাইন	৬৪.১ সার্কিট কিলোমিটার
১১	সিলেট- বিয়ানীবাজার ১৩২কেভি কেভি ডাবল সার্কিট টি-কানেকশন সঞ্চালন লাইন	৬০ সার্কিট কিলোমিটার
১২	টঙ্গী-মিরপুর ১৩২ কেভি ডাবল সার্কিট সঞ্চালন লাইন উত্তরা ৩য় পর্ব উপকেন্দ্রের ইন-আউট (ডেসকো)	২.২ সার্কিট কিলোমিটার

খ) গ্রীড উপকেন্দ্র

ক্রমিক নং	গ্রীড উপকেন্দ্রর নাম	সক্ষমতা
১	ভূলতা ৪০০/২৩০ কেভি গ্রীড উপকেন্দ্র	২ X ৫২০ এমভিএ
২	আশুগঞ্জ (উত্তর) ৪০০/২৩০ কেভি গ্রীড উপকেন্দ্র	২X ২৪৪/৩২৫ এমভিএ
৩	বিয়ানীবাজার ১৩২/৩৩ কেভি গ্রীড উপকেন্দ্র	২ X ৫০/৭৫ এমভিএ
৪	ধামরাই ১৩২/৩৩ কেভি গ্রীড উপকেন্দ্র	২ X ৫০/৭৫ এমভিএ
৫	খাগড়াছড়ি ১৩২/৩৩ কেভি গ্রীড উপকেন্দ্র	২X ৩০/৩৯ এমভিএ
৬	কেওয়াইসিআর ১৩২/৩৩ কেভি গ্রীড উপকেন্দ্র (প্রাইভেট)	১X ২০/২৫ এমভিএ
৭	রামগঞ্জ ১৩২/৩৩ কেভি গ্রীড উপকেন্দ্র	১ X ৫০/৭৫ এমভিএ
৮	সুনামগঞ্জ ১৩২/৩৩ কেভি গ্রীড উপকেন্দ্র	২ X ৩০/৩৯ এমভিএ
৯	উত্তরা ৩য় পর্ব ১৩২/৩৩ কেভি গ্রীড উপকেন্দ্র	২ X ৮০/১২০ এমভিএ



এনএলডিসি নিয়ন্ত্রণ কক্ষের অভ্যন্তরে ডিসপ্লে বোর্ড

গ) সক্ষমতা বর্ধিত গ্রীড উপকেন্দ্র

ক্রমিক নং	গ্রীড উপকেন্দ্রের নাম	বর্ধিত ক্ষমতার পরিমাণ
১	বড়পুকুরিয়া ২৩০/১৩২ কেভি গ্রীড উপকেন্দ্র	৩০০ এমভিএ
২	বগুড়া ২৩০/১৩২ কেভি গ্রীড উপকেন্দ্র	৩০০ এমভিএ
৩	আশুগঞ্জ ১৩২/৩৩ কেভি গ্রীড উপকেন্দ্র	৩৪ এমভিএ
৪	বাঘেরহাট ১৩২/৩৩ কেভি গ্রীড উপকেন্দ্র	৭৫ এমভিএ
৫	ভুলতা ১৩২/৩৩ কেভি গ্রীড উপকেন্দ্র	১১৫ এমভিএ
৬	ব্রাহ্মনবাড়িয়া ১৩২/৩৩ কেভি গ্রীড উপকেন্দ্র	৭৯ এমভিএ
৭	চুয়াডাঙ্গা ১৩২/৩৩ কেভি গ্রীড উপকেন্দ্র	৬৮ এমভিএ
৮	কুমিল্লা (সাউথ) ১৩২/৩৩ কেভি গ্রীড উপকেন্দ্র	৬৮ এমভিএ
৯	ধানমন্ডি ১৩২/৩৩ কেভি গ্রীড উপকেন্দ্র (ডিপিডিসি)	৪৫ এমভিএ
১০	ফরিদপুর ১৩২/৩৩ কেভি গ্রীড উপকেন্দ্র	৯০ এমভিএ
১১	গোয়ালপাড়া ১৩২/৩৩ কেভি গ্রীড উপকেন্দ্র	৪৯ এমভিএ
১২	গোপালগঞ্জ ১৩২/৩৩ কেভি গ্রীড উপকেন্দ্র	৭৯ এমভিএ
১৩	ঈশ্বরদী ১৩২/৩৩ কেভি গ্রীড উপকেন্দ্র	৩৪ এমভিএ
১৪	ঝিনাইদহ ১৩২/৩৩ কেভি গ্রীড উপকেন্দ্র	৭৯ এমভিএ
১৫	জয়দেবপুর ১৩২/৩৩ কেভি গ্রীড উপকেন্দ্র	৫০ এমভিএ
১৬	কবিরপুর ১৩২/৩৩ কেভি গ্রীড উপকেন্দ্র	৯০ এমভিএ
১৭	কিশোরগঞ্জ ১৩২/৩৩ কেভি গ্রীড উপকেন্দ্র	২১ এমভিএ
১৮	কুষ্টিয়া ১৩২/৩৩ কেভি গ্রীড উপকেন্দ্র	৪৫ এমভিএ
১৯	লালমনিরহাট ১৩২/৩৩ কেভি গ্রীড উপকেন্দ্র	৫৫ এমভিএ
২০	মাদারিপুর ১৩২/৩৩ কেভি গ্রীড উপকেন্দ্র	৩৪ এমভিএ
২১	ময়মনসিংহ ১৩২/৩৩ কেভি গ্রীড উপকেন্দ্র	৪৫ এমভিএ
২২	নওগা ১৩২/৩৩ কেভি গ্রীড উপকেন্দ্র	৩৪ এমভিএ
২৩	নাটোর ১৩২/৩৩ কেভি গ্রীড উপকেন্দ্র	৩৪ এমভিএ
২৪	নেত্রকোনা ১৩২/৩৩ কেভি গ্রীড উপকেন্দ্র	৪২ এমভিএ
২৫	নোয়াপারা ১৩২/৩৩ কেভি গ্রীড উপকেন্দ্র	৪০ এমভিএ
২৬	পলাশবাড়ি ১৩২/৩৩ কেভি গ্রীড উপকেন্দ্র	৫৫ এমভিএ
২৭	পটুয়াখালি ১৩২/৩৩ কেভি গ্রীড উপকেন্দ্র	১১০ এমভিএ
২৮	রাজশাহী ১৩২/৩৩ কেভি গ্রীড উপকেন্দ্র	৪৫ এমভিএ
২৯	সৈয়দপুর ১৩২/৩৩ কেভি গ্রীড উপকেন্দ্রে	৭৫ এমভিএ
৩০	সাতক্ষীরা ১৩২/৩৩ কেভি গ্রীড উপকেন্দ্র	৭৯ এমভিএ
৩১	শাহজাদপুর ১৩২/৩৩ কেভি গ্রীড উপকেন্দ্র	৬০ এমভিএ
৩২	সিদ্ধিরগঞ্জ ১৩২/৩৩ কেভি গ্রীড উপকেন্দ্র	৭৪.৪ এমভিএ
৩৩	সিরাজগঞ্জ ১৩২/৩৩ কেভি গ্রীড উপকেন্দ্র	৫৫ এমভিএ
৩৪	সিলেট ১৩২/৩৩ কেভি গ্রীড উপকেন্দ্র	৭৯ এমভিএ
৩৫	ঠাকুরগাও ১৩২/৩৩ কেভি গ্রীড উপকেন্দ্র	৩৪ এমভিএ

ঘ) সঞ্চালন লাইন রি-কন্ডাক্টরিং

ক্রমিক নং	সঞ্চালন লাইনের বিবরণ	সার্কিট কিলোমিটারের পরিমাণ
১	ফেঞ্চুগঞ্জ-সিলেট	৬৩.৪ সার্কিট কিলোমিটার
২	কুষ্টিয়া-ভেড়ামারা	৪৬ সার্কিট কিলোমিটার
৩	আশুগঞ্জ-কিশোরগঞ্জ	৫২ সার্কিট কিলোমিটার

বছর ভিত্তিক পিজিসিবি'র আওতাধীন বিদ্যুৎ সঞ্চালন অবকাঠামো নিচে বর্ণনা করা হলো

অর্থ বছর	সঞ্চালন লাইন (সার্কিট কি.মি.)			গ্রীড উপকেন্দ্র									
	৪০০ কেভি	২৩০ কেভি	১৩২ কেভি	এইচভিডিসি		৪০০/২৩০ কেভি		৪০০/১৩২ কেভি		২৩০/১৩২ কেভি		১৩২/৩৩ কেভি	
				সংখ্যা	ক্ষমতা এমভিএ	সংখ্যা	ক্ষমতা এমভিএ	সংখ্যা	ক্ষমতা এমভিএ	সংখ্যা	ক্ষমতা এমভিএ	সংখ্যা	ক্ষমতা এমভিএ
২০১১-১২	-	২,৬৪৭.৩	৬,০৮০	-	-	-	-	-	-	১৩	৬,৬৭৫	৮৩	৮৭৩৭
২০১২-১৩	-	৩,০২০.৭৭	৬,০৮০	-	-	-	-	-	-	১৫	৬,৯৭৫	৮৪	৯৭০৫
২০১৩-১৪	১৬৪.৭০	৩,০৪৪.৭০	৬,১২০	১	৫০০ মেঃ ওঃ	-	-	-	-	১৮	৮,৭৭৫	৮৬	১০,৭১৪.৩
২০১৪-১৫	১৬৪.৭০	৩,১৭১.৪৫	৬২৭৩.৬৩	১	৫০০ মেঃ ওঃ	১	৫২০	-	-	১৯	৯,০৭৫	৮৯	১১৯৬৩.৭২
২০১৫-১৬	২২০.৭	৩১৮৫.১৬৬	৬৪০১.৬২৮	১	৫০০ মেঃ ওঃ	১	৫২০	-	-	১৯	৯,৩৭৫	৯০	১২৬৫৫.৫
২০১৬-১৭	৫৫৯.৭৬	৩৩২৪.৯৯	৬৪৬৫.৭৪৮	১	৫০০ মেঃ ওঃ	২	১৫৬০	১	৬৫০	১৯	৯,৬৭৫	৯১	১৪১৫৪.৫
২০১৭-১৮	৬৯৭.৭৬	৩৩৪২.৬২	৬৯৯৪.৭৯	১	৫০০ মেঃ ওঃ	৩	২৬০০	১	৬৫০	১৯	১০২৭৫	৯৬	১৬৫৯৭.৯

সারণি ঃ পিজিসিবি'র বিগত সাত বছরের সঞ্চালন অবকাঠামো।

দ্রষ্টব্য ঃ বিদ্যুতের অন্য প্রতিষ্ঠানের সঞ্চালন অবকাঠামো উপরোক্ত বিবরণীতে বিবেচনা করা হয়নি।

বিগত এক বছরে (২০১৭-১৮) সঞ্চালন খাতে নতুন অবকাঠামো নির্মাণ (অন্যান্য কোম্পানী সহ)

- ৪০০/২৩০ কেভি গ্রীড উপকেন্দ্র : ২ টি (১,৬৯০ এমভিএ)
- ১৩২/৩৩ কেভি গ্রীড উপকেন্দ্র : ৭ টি (৭৯১ এমভিএ)
- উপকেন্দ্রের ক্ষমতা বর্ধন : ২,৫৭১.৪ এমভিএ
- ৪০০ কেভি সঞ্চালন লাইন : ১৩৮.০০ সার্কিট কিলোমিটার
- ২৩০ কেভি সঞ্চালন লাইন : ১৭.৬৩ সার্কিট কিলোমিটার
- ১৩২ কেভি সঞ্চালন লাইন : ৫৩১.২৪ সার্কিট কিলোমিটার
- ১৩২ সঞ্চালন লাইন রি-কন্ডাক্টরিং : ১৬১.৪ সার্কিট কিলোমিটার



মেঘনাঘাট-আমিন বাজার ৪০০ কেভি বিদ্যুৎ সঞ্চালন লাইন

নির্মাণ কাজের জন্য ২০১৭-১৮ অর্থবছর এ স্বাক্ষরিত চুক্তিসমূহ

সঞ্চালন লাইন নির্মাণ কাজের জন্য ২০১৭-২০১৮ অর্থবছরে স্বাক্ষরিত উল্লেখযোগ্য চুক্তিসমূহ

ক্রমিক নং	কাজের বর্ণনা	চুক্তি স্বাক্ষরের তারিখ ও প্রতিষ্ঠান	কার্য সম্পাদনের সময়	অর্থায়নের উৎস
১	মিরসরাই-বিএসআরএম ৪০০কেভি ডবল সার্কিট ওভারহেড ট্রান্সমিশন লাইন অন টার্নকী বেসিস	২৮/০৩/২০১৮ খ্রিঃ কল্পতরু পাওয়ার ট্রান্সমিশন লিঃ, ইন্ডিয়া	১৫ মাস	জিওবি ও পিজিসিবি
২	২৩০ কেভি সিঙ্গেল সার্কিট সিইউ.এক্সলপিই ক্যাবল ফ্রম ঘোড়াশাল ফোর্থ ইউনিট টু ২৩০কেভি সুইচইয়ার্ড	২৩/১০/২০১৭ খ্রিঃ এলএস ক্যাবল এণ্ড সিস্টেম, ইন্ডিয়া	৫ মাস	পিজিসিবি
৩	১৩২কেভি ট্রান্সমিশন লাইন অন টার্নকী বেসিস	৩১/১০/২০১৭ খ্রিঃ এইচজি পাওয়ার ট্রান্সমিশন লিঃ, মালয়েশিয়া	৭২০ দিন	কেএফডব্লিউ
৪	২৩০কেভি এণ্ড ১৩২কেভি ট্রান্সমিশন লাইনস, ওয়েস্টার্ন জোন অন টার্নকী বেসিস	৩১/১০/২০১৭ খ্রিঃ কেইসি ইন্টারন্যাশনাল লিঃ, ইন্ডিয়া	৭২০ দিন	কেএফডব্লিউ
৫	২৩০কেভি এণ্ড ১৩২কেভি ট্রান্সমিশন লাইনস, নর্দান জোন অন টার্নকী বেসিস	৩১/১০/২০১৭ খ্রিঃ কেইসি ইন্টারন্যাশনাল লিঃ, ইন্ডিয়া	৭২০ দিন	কেএফডব্লিউ
৬	পটুয়াখালী-পায়রা ২৩০কেভি ট্রান্সমিশন লাইন অন টার্নকী বেসিস	২৬/০৯/২০১৭ খ্রিঃ সিসিসি-জিয়াংসু জেভি, চায়না	১৫ মাস	পিজিসিবি
৭	ভেড়ামারা(বাংলাদেশ)-বহরমপুর (ইন্ডিয়া) দ্বিতীয় ৪০০কেভি ডবল সার্কিট ওভারহেড ট্রান্সমিশন লাইন (বাংলাদেশ অংশ) অন টার্নকী বেসিস	২৫/০১/২০১৮ খ্রিঃ কল্পতরু পাওয়ার ট্রান্সমিশন লিঃ, ইন্ডিয়া	১৮ মাস	জিওবি ও পিজিসিবি
৮	দি পদ্মা রিভারক্রসিং পোরশন অব আমিনবাজার-মাওয়া-মংলা ৪০০কেভি ডবল সার্কিট ট্রান্সমিশন লাইন অন টার্নকী বেসিস	১২-০৬-২০১৮ খ্রিঃ কেইসি ইন্টারন্যাশনাল লিঃ, ইন্ডিয়া	৩০ মাস	এডিবি

সাবস্টেশন নির্মাণ কাজের জন্য ২০১৭-২০১৮ অর্থবছরে স্বাক্ষরিত উল্লেখযোগ্য চুক্তিসমূহ

ক্রমিক নং	কজের বর্ণনা	চুক্তি স্বাক্ষরের তারিখ ও প্রতিষ্ঠান	কার্য সম্পাদনের সময়	অর্থায়নের উৎস
০১	১৩২/৩৩ কেভি গ্রীড সাবস্টেশন এট বরগুনা অন টার্নকী বেসিস	১৪/০১/২০১৮ খ্রিঃ সিসিসি, চায়না	৫৪০ দিন	পিজিসিবি
০২	১৩২/৩৩ কেভি সাবস্টেশন এক্সটেনশনস অন টার্নকী বেসিস	২৪/১২/২০১৭ খ্রিঃ এনার্জিপ্যাক ইঞ্জিনিয়ারিং লিঃ, বাংলাদেশ	৭২০ দিন	কেএফডব্লিউ
০৩	২৩০/১৩২ কেভি এণ্ড ১৩২/৩৩ কেভি সাবস্টেশনস, ওয়েস্টার্ন জোন অন টার্নকী বেসিস	১৯/১২/২০১৭ খ্রিঃ সিমেন্স ইন্ডিয়া এণ্ড সিমেন্স বাংলাদেশ	৭২০ দিন	কেএফডব্লিউ
০৪	২৩০/১৩২ কেভি এণ্ড ১৩২/৩৩ কেভি সাবস্টেশনস, নর্দান জোন অন টার্নকী বেসিস	২৪/১২/২০১৭ খ্রিঃ এনার্জিপ্যাক ইঞ্জিনিয়ারিং লিঃ, বাংলাদেশ	৭২০ দিন	কেএফডব্লিউ
০৫	২৩০/√৩/১৩৮/√৩/৩৪.৫ কেভি, ৪৫/৬০/৭৫ এমভিএ সিঙ্গেল ফেইজ অটো ট্রান্সফরমার এট হাসনাবাদ এণ্ড হরিপুর ২৩০/১৩২ কেভি সাবস্টেশন অন টার্নকী বেসিস	২২/০১/২০১৮ খ্রিঃ শানডং তাইকাই পাওয়ার ইঞ্জিনিয়ারিং, চায়না	৩৬৫ দিন	জিওবি এণ্ড পিজিসিবি

মানব সম্পদ উন্নয়ন

টেকসই উন্নয়ন এবং সরকারের রুপকল্প ২০২১ এর মাইলফলক অর্জনের লক্ষ্যে দক্ষ মানবসম্পদের বিকল্প নেই। এই আধুনিক প্রতিযোগিতামূলক বিশ্বে প্রযুক্তি ও অবকাঠামোগত উন্নয়নের পাশাপাশি দক্ষ মানব সম্পদ গড়ে তোলার প্রত্যয়ে সরকার ও তার সহযোগী প্রতিষ্ঠান হিসেবে পাওয়ার গ্রীড কোম্পানী অব বাংলাদেশ লিমিটেড (পিজিসিবি) নিরন্তর কাজ করে যাচ্ছে। পিজিসিবির পরিচালক পর্ষদ প্রশিক্ষনের মাধ্যমে কর্মকর্তা/কর্মচারীদের জ্ঞান ও দক্ষতা বৃদ্ধির উপর সর্বাধিক গুরুত্ব প্রদান করে যাচ্ছে। দেশের বিদ্যুৎ সঞ্চালন ব্যবস্থার উন্নয়ন ও কার্যকরী পরিচালনার মাধ্যমে কোম্পানী রাজস্ব বৃদ্ধিতে সহায়ক ভূমিকা পালন করবে ।

প্রশিক্ষণের বিশেষ বিষয়াবলী

পিজিসিবি ২০১৭-২০১৮ অর্থ বছরে জন প্রতি গড়ে ৭০ জনঘন্টা হারে প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যমাত্রাকে সামনে রেখে একটি বার্ষিক প্রশিক্ষণ পরিকল্পনা প্রণয়ন করে। এক্ষেত্রে জাতীয় গ্রীডের পরিচালন ও সংরক্ষণ, দীর্ঘ মেয়াদী সঞ্চালন ব্যবস্থা উন্নয়ন পরিকল্পনা, প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়ন, তথ্য ও প্রযুক্তিগত উন্নয়ন, কর্পোরেট ও আর্থিক ব্যবস্থাপনা, সুশাসন প্রতিষ্ঠা, জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন, ইনোভেশন কৌশল, কোয়ালিটি ম্যানেজমেন্ট, অকুপেশনাল হেলথ এন্ড সেফটি ম্যানেজমেন্ট সিস্টেম, শিল্প সম্পর্ক উন্নয়ন ইত্যাদি বিষয়ের প্রতি গুরুত্ব আরোপ করা হয়েছে। প্রাতিষ্ঠানিক ও কর্মকর্তা/কর্মচারীগণের প্রশিক্ষণ চাহিদা ছিল প্রশিক্ষণ কর্মকান্ডের মূল ভিত্তি।

পিজিসিবি তার নিজস্ব ব্যবস্থাপনার পাশাপাশি দেশী-বিদেশী বিভিন্ন স্বনামধন্য প্রতিষ্ঠানের সঙ্গে যৌথ উদ্যোগে প্রশিক্ষণ কার্যক্রম পরিচালনা করছে। পিজিসিবিতে যোগদানকৃত নতুন কর্মকর্তাদের ভবিষ্যৎ দক্ষ কর্মকর্তা হিসেবে গড়ে তোলার ভিত্তি তৈরীর লক্ষ্যে কারিগরী, ব্যবস্থাপনা ও নেতৃত্বের গুনাবলী, সময় ব্যবস্থাপনা ইত্যাদি বিষয় সমন্বয়ে পিজিসিবি ও বিআইএএম ফাউন্ডেশনের যৌথ উদ্যোগে ধারাবাহিকভাবে দীর্ঘ মেয়াদী বুনিয়াদি প্রশিক্ষণ পরিচালনা করা হচ্ছে। ২০১৭-২০১৮ অর্থ বছরে পিজিসিবি কর্তৃক পরিচালিত প্রশিক্ষণ কর্মকান্ডের একটি সংক্ষিপ্ত পরিসংখ্যান নিম্নছকে উপস্থাপন করা হলো ঃ

ক্র. নং	বিবরণ	সংখ্যা
১।	২০১৭-২০১৮ অর্থ বছর পর্যন্ত কর্মকর্তা/কর্মচারীর সংখ্যা	২৫৬৫ জন
২।	জনপ্রতি প্রশিক্ষণ লক্ষ্য মাত্রা	৭০ জন ঘন্টা
৩।	মোট প্রশিক্ষিণ লক্ষ্য মাত্রা	১,৬৭,০২০ জন ঘন্টা
৪।	অর্জিত প্রশিক্ষিণ	৭১.১৯ জন ঘন্টা
৫।	বাস্তবায়তি মোট প্রশিক্ষিণ র্কমসূচি	২১৭ টি

বৈদেশিক প্রশিক্ষণ

আধুনকি প্রযুক্তি ও ব্যবস্থাপনার বিভিন্নি বিষয়ে পজিসিবিরি র্কমর্কতা-র্কমচারীদের দক্ষতা বৃদ্ধির মাধ্যমে কর্ম উপযোগীতা আন্তর্জাতিক মানে উন্নত করার জন্য বিভিন্ন বিষয়ে বৈদাশিক প্রশিক্ষণের আয়োজন করা হয়ে থাকে। প্রশিক্ষণ প্রতিষ্ঠান হিসাবে অষ্ট্রিয়ার অমকিন ইলেক্ট্রনিক লিঃ, সুইজারল্যান্ডের এবিবি ইউনির্ভাসিটি, জার্মানীর সমিন্সে এজি লিঃ এবং থাইল্যান্ডের এআইটি এর মতো স্বনামধন্য প্রতিষ্ঠানকে পিজিসিবি বাছাই করেছে। প্রযুক্তি ও ব্যবস্থাপনা বিষয়ে ভবিষ্যত চ্যালঞ্জে মোকাবেলায় দক্ষ র্কমী বাহিনী গড়ার জন্য **Asian Institute of Technology (AIT)** ও পিজিসিবি এর মধ্যে তিন বছর মেয়াদী প্রশিক্ষণ সেবা প্রদানরে জন্য চুক্তি হয়েছে। চুক্তি মোতাবকে সন্তোষ জনকভাবে বিগত এক বছর **AIT** কর্তৃক প্রশক্ষিণ সেবা প্রদান করা হয়েছে। এর পাশাপাশি প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে বিশ্বব্যাংকের আর্থিক সহায়তায় দেশে বিদেশে প্রশিক্ষণ র্কাযক্রম পরিচালনা ও কারিগরী অবকাঠামো উন্নয়নের অভিপ্রায় নিয়ে **'Institutional Strengthening Project'** নামে একটি প্রকল্প গ্রহণ করা হয়েছে, যার বাস্তবায়ন চলমান রয়েছে।

২০১৭-২০১৮ অর্থ বছরের বৈদেশিক প্রশিক্ষণের একটি পরিসংখ্যান নিম্নের ছকে উপস্থাপন করা হলো ঃ

ক্র. নং	বিবরণ	সংখ্যা
১।	প্রশিক্ষণ কর্মসূচির সংখ্যা	৩৭ টি
২।	প্রশিক্ষণ গ্রহণকারীর সংখ্যা	২১৯ জন
৩।	দেশের সংখ্যা	২৪ টি
৪।	মোট প্রশিক্ষণ	২০,৩৩৬ জন ঘন্টা

জাতীয় শুদ্ধাচার কৌশল, ইনোভেশন, ই-পারফরমেন্স ও ই-নথি বাস্তবায়নে বিশেষ প্রশিক্ষণ কার্যক্রম

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক গৃহীত রূপকল্প ২০২১ বাস্তবায়নের লক্ষ্যে প্রাতিষ্ঠানিক পর্যায়ে বিভিন্নমুখী নতুন নতুন ধারনা ও কৌশল এবং প্রয়োগ পদ্ধতি চালু করা হয়। এরই ধারাবাহিকতায় সরকারের পাশাপাশি পিজিসিবি জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন, ইনোভেশন কার্যক্রম জোরদারকরণ ও ই-নথি কার্যক্রম বাস্তবায়নের উপর সর্বাধিক গুরুত্ব প্রদান করেছে। এছাড়া কোম্পানীর কর্মকর্তাদের ইলেকট্রনিক পারফরমেন্স সিস্টেম চালুর মাধ্যমে কর্মদক্ষতা মূল্যায়নে e-PAB প্রবর্তন করা হয়েছে। এ নতুন বিষয়সমূহ সম্পর্কে সম্যক ধারনা প্রদানের লক্ষ্যে প্রশিক্ষণ শাখা হতে পিজিসিবির কর্মকর্তা/কর্মচারীদের জন্য ব্যবহারিক প্রশিক্ষণ কার্যক্রম গ্রহণ করা হয়। ইতোমধ্যে জাতীয় শুদ্ধাচার কৌশল, ইনোভেশন ও e-PAB বিষয়ক প্রশিক্ষণ কার্যক্রমের আওতায় ৪১৩ (চারশত তের) জন কর্মকর্তা/কর্মচারী ও ই-ফাইলিং বিষয়ক ৮ (আট) টি প্রশিক্ষণ কার্যক্রমের আওতায় ২৩২ (দুইশত বত্রিশ) জন কর্মকর্তা/কর্মচারীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

ভবিষ্যৎ কর্মসূচি

পিজিসিবির নিজস্ব প্রশিক্ষণ কর্মসূচিকে সুষ্ঠুভাবে পরিচালনার জন্য ইতোমধ্যে ঢাকাস্থ আগাঁরগাও এ ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণ প্রদানের জন্য একটি প্রশিক্ষণ ইনস্টিটিউট এর অবকাঠামো নির্মানের কাজ চলমান রয়েছে এবং কারিগরী প্রশিক্ষণ প্রদানের লক্ষ্যে জিএমডি-আরিচা প্রাঙ্গনে প্রশিক্ষণ অবকাঠামো নির্মাণের পরিকল্পনা রয়েছে। প্রশিক্ষণ কার্যক্রমকে আরো সুদৃঢ় ও যুগোপযোগী করার লক্ষ্যে প্রশিক্ষক পুল তৈরীর কাজ বিবেচনাধীন আছে। ভবিষ্যতে সুদক্ষ কর্মকর্তা/কর্মচারী নিশ্চিতকল্পে Competency Frame work প্রণয়নপূর্বক বিশেষ প্রশিক্ষণ কার্যক্রম হাতে নেয়া হবে।

করপোরেট গভর্ন্যান্স কমপ্লায়েন্স প্রতিপালন

বাংলাদেশ সিকিউরিটিজ একচেঞ্জ কমিশন ৩ জুন ২০১৮ খ্রিঃ তারিখ সংশোধিত ও পরিমার্জিত আকারে করপোরেট গভর্ন্যান্স নোটিফিকেশন জারি করেছে। সেখানে সুশাসনের জন্য পালনীয় ও বর্জনীয় শর্তাবলী উল্লেখ রয়েছে। পাওয়ার গ্রীড কোম্পানী অব বাংলাদেশ লিঃ সেগুলো মেনে চলেছে। কমিশনের ছক অনুসারে একটি বিবরণ এ বার্ষিক প্রতিবেদনের সঙ্গে সন্নিবেশিত করা হয়েছে।

প্রধান কার্যালয় ভবন নির্মাণ

পাওয়ার গ্রীড কোম্পানী অফ বাংলাদেশ লিঃ এর পরিচালক পর্ষদ নিজস্ব প্রধান কার্যালয় ভবনের প্রয়োজনীয়তা উপলব্ধি করে তা নির্মাণের উদ্যোগ গ্রহণ করেছে । আফতাব নগর, বাড্ডা, ঢাকা মেট্রোপলিটোন এলাকায় পিজিসিবি'র ন্যাশনাল লোড ডেসপ্যাচ সেন্টার সংলগ্ন ১.৭৩ একর ভূমিতে একটি ২২ তলা বহুতল ভবন নির্মাণ কাজ চলছে। প্রধান কার্যালয় ভবনের দুটি বেজমেন্ট ভূ-গর্ভে এবং ২০ টি তলা ভূ-উপরে নির্মাণ করা হবে যার সর্বমোট মেঝের পরিমাণ হবে ৫৫,০০০ বর্গমিটার । পুরো নির্মাণ কাজ দু ধাপে সম্পন্ন করার পরিকল্পনা করা হয় । প্রথম পর্যায়ে ভূ-গর্ভে দুটি বেজমেন্ট এবং ভূ-উপরে ৮ টি তলা পর্যন্ত বিল্ডিং স্ট্রাকচার নির্মাণ কাজ শেষ হয়েছে । প্রথম পর্যায়ের অভ্যন্তরীণ ফিনিশিং কাজ চলমান আছে। দ্বিতীয় পর্যায়ে অর্থাৎ নবম হতে ২০ তলা পর্যন্ত নির্মাণের কাজও এগোচ্ছে। ইতোমধ্যে ২০ তলা পর্যন্ত বিল্ডিং স্ট্রাকচার নির্মাণ কাজ শেষ হয়েছে। আগামী ২০১৯ খ্রিষ্টাব্দে প্রধান কার্যালয়ের দপ্তর সমূহ নিজস্ব নিমানাধীন ভবনে স্থানান্তরের লক্ষ্য নিয়ে কাজ করা হচ্ছে।

কর্ম সম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতি

বাংলাদেশ সরকারের জাতীয় শুদ্ধাচার কৌশল-২০১২-তে সরকারি কর্ম সম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতি প্রবর্তনের সুপারিশের প্রেক্ষিতে সরকারি কর্মকাণ্ডে স্বচ্ছতা ও জবাবদিহিতা বৃদ্ধি, সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ এবং প্রাতিষ্ঠানিক সক্ষমতা উন্নয়নের লক্ষ্যে সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতির আওতায় বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (Annual Performance Agreement-APA) প্রবর্তন করা হয়েছে। পিজিসিবি তারই ধারাবাহিকতায় ২০১৪-২০১৫ অর্থ বছর হতে প্রাতিষ্ঠানিক ও বিভাগীয় কর্ম সম্পাদনের জন্য APA কার্যক্রম চর্চার প্রতি গুরুত্ব প্রদান করে যাচ্ছে। মন্ত্রণালয়ের সহিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) অনুযায়ী সংশ্লিষ্ট বিভাগের কৌশলগত উদ্দেশ্য সমূহ, এ সকল কৌশলগত উদ্দেশ্য অর্জনের জন্য গৃহীত কার্যক্রমসমূহ এবং এ সকল কার্যক্রমের ফলাফল পরিমাপের জন্য কর্মসম্পাদন সূচক ও লক্ষ্য মাত্রা সমূহ রয়েছে। সংশ্লিষ্ট অর্থবছর সমাপ্ত হওয়ার পর ঐ বছরের চুক্তিতে নির্ধারিত লক্ষ্য মাত্রা সমূহের বিপরীতে সংশ্লিষ্ট বিভাগ এবং প্রতিষ্ঠানের প্রকৃত অর্জন মূল্যায়ন করা হয়ে থাকে।

অগ্রণী প্রতিষ্ঠান হিসেবে ২০১২-১০১৩ অর্থ বছর হতে পিজিসিবিতেই সর্বপ্রথম আধুনিক Performance Management System (PMS) পদ্ধতির প্রয়োগ এবং ব্যক্তি পর্যায়ের কর্ম সম্পাদন কার্যক্রম বাস্তবায়নের সহায়িকা মাধ্যম "Performance Appraisal Book (PAB)" চালু করা হয়। যার মাধ্যমে সকল পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীদের বার্ষিক কর্মপরিকল্পনা প্রণয়ন , কাজের লক্ষ্য মাত্রা নির্ধারণ, বাস্তবায়ন, তদারকি ও পারদর্শিতা মূল্যায়ন করা হয়। কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতির আওতায় স্ব স্ব কর্মপরিকল্পনা আরও সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে এবং ফলাফল ভিত্তিক কর্ম সম্পাদন ব্যবস্থাপনা আরও কার্যকর ও দক্ষভাবে প্রতিষ্ঠার লক্ষ্যে ২০১৮ সাল হতে PAB এর নতুন সংস্করণ প্রনয়ণের পাশাপাশি Performance Management System কে অনলাইন ভিত্তিক করে নতুন সফটওয়ার চালু করা হয়েছে। এই সফটওয়ারের আওতায় সকল কর্মকর্তাদের জন্য e-PAB (Electronic Performance Appraisal Book) এবং সকল কর্মচারীদের জন্য e-PAF (Electronic Performance Appraisal Form) ইতোমধ্যে প্রস্তুত করা হয়েছে। e-PAB এর মাধ্যমে কর্মকর্তাদের প্রতি ছয় মাস অন্তর অন্তর কাজের লক্ষ্যমাত্রা নির্ধারণ, অর্জন এবং মূল্যায়ন করা হয় এবং কর্মচারীদের মূল্যায়নের ক্ষেত্রে e-PAF এর মাধ্যমে পারদর্শিতা নির্ণয়কের বিপরীতে বছর শেষে মূল্যায়ন করা হয়। Performance Management System এর অনলাইন কার্যক্রম কর্মকর্তাদের ক্ষেত্রে ২০১৮-২০১৯ অর্থ বছর হতে এবং কর্মচারীদের ক্ষেত্রে ২০১৭-২০১৮ অর্থ বছর হতে চালু করা হয়েছে। পারদর্শিতা মূল্যায়ন ও প্রাপ্ত নম্বরের উপর ভিত্তি করে কর্মকর্তা এবং কর্মচারীদের পদোন্নতি, বার্ষিক বেতনবৃদ্ধি, চাকুরী চুক্তি নবায়ন ও উৎসাহ বোনাস ইত্যাদি প্রদান করা হয়ে থাকে।

পিজিসিবিতে সর্বপ্রথম e-PAB এবং e-PAF এর মাধ্যমে নির্ধারিত সময়ে ৯৯.৬২% কর্মকর্তা তাদের ২০১৮-২০১৯ অর্থ বছরের প্রথম ধাপের লক্ষ্যমাত্রা নির্ধারন করেছে এবং ৯৯.৯% কর্মচারীর ২০১৭-২০১৮ অর্থ বছরের পারদর্শিতার মূল্যায়ন সম্পন্ন হয়েছে। পাশাপাশি পিজিসিবির সকল দপ্তরের কর্মকর্তা এবং কর্মচারীর সুনির্দিষ্ট কার্যবিবরণী যুগোপযোগী করার কার্যক্রম অব্যাহত রয়েছে, যা তাদের কাজের লক্ষ্যমাত্রা নির্ধারন এবং তা অর্জনের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে।

পিজিসিবির ভিশন ও মিশন অর্জনের ক্ষেত্রে আধুনিক কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতির আওতায় APA বাস্তবায়নে PAB যেমন- এক অনবদ্য ভূমিকা পালন করে আসছে। তেমনি বর্তমানে এর অনলাইন ভিত্তিক কার্যক্রম (e-PAB এবং e-PAF) আরও একটি টার্নিং পয়েন্ট হিসাবে নবযুগের সূচনা করবে,যা প্রতিষ্ঠানের কর্মকান্ডে স্বচ্ছতা ও জবাবদিহিতা সুনিশ্চিত করনের মাধ্যমে সরকারের রূপকল্প ২০২১ আলোকে পিজিসিবির কর্মপরিকল্পনা বাস্তবায়নে অবদান রাখবে।

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

কর্মকর্তা/কর্মচারীগণের ব্যক্তিগত কর্ম সম্পাদন পদ্ধতির আধুনিকায়নের পাশাপাশি বিভাগীয় ও প্রাতিষ্ঠানিক পর্যায়ে কর্ম সম্পাদন পদ্ধতির কাঠামোগত উন্নয়ন ও কার্যকারিতা নিশ্চিত করার প্রয়াসে সরকার প্রবর্তিত Annual Performance Agreement (APA) চর্চার প্রতি পিজিসিবি অধিকতর গুরুত্ব প্রদান করে যাচ্ছে। ২০১৫-২০১৬ অর্থ বছর হতে APA বাস্তবায়ন কার্যক্রম শুরু হয় এবং ২০১৬-২০১৭ অর্থ বছরে APA চুক্তির আলোকে মন্ত্রণালয় কর্তৃক মূল্যায়িত পিজিসিবি'র অর্জন ছিল ৮১% ও ২০১৭-২০১৮ অর্থ বছরে অর্জনের প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। ২০১৮-২০১৯ অর্থ বছরের কর্ম সম্পাদনের লক্ষ্যে ইতোমধ্যে কেন্দ্রীয়/উচ্চতর ব্যবস্থাপনা হতে মাঠ পর্যায়ের ব্যবস্থাপনার বিভিন্ন ধাপের মধ্যে APA স্বাক্ষরিত হয়েছে এবং APA চুক্তি যথাযথভাবে প্রণয়ন, বাস্তবায়ন ও পরিবীক্ষণের জন্য পিজিসিবিতে একটি APA টিম কাজ করে যাচ্ছে।

তথ্য প্রযুক্তির উন্নয়ন

তথ্য ও যোগাযোগ প্রযুক্তির যথোপযুক্ত ব্যবহার একটি প্রতিষ্ঠানে স্বয়ংক্রিয় কার্যপরিবেশ তৈরিতে প্রয়োজনীয় সমন্বয় সাধন ও সুযোগ সৃষ্টি করে এবং প্রতিষ্ঠানের স্টেক হোল্ডারদের জন্য তথ্যের উৎস হিসেবে কাজ করে। তথ্য প্রযুক্তি ক্ষেত্রে পাওয়ার গ্রীড কোম্পানী অব বাংলাদেশ লিঃ এর ২০১৭-২০১৮ অর্থ বছরের অবস্থান নিম্নরূপঃ

১) ওয়াইফাইসহ মানসম্মত ইন্টারনেট সংযোগ নিশ্চিতকরণ।
২) বিদ্যুৎ উৎপাদন, পরিচালন প্রতিবেদন, দরপত্র বিজ্ঞপ্তি, দরপত্র দলিল, শেয়ার ও বিনিয়োগ সংক্রান্ত তথ্য , প্রকল্প বাস্তবায়ন, পিজিসিবির বিভিন অনুষ্ঠানাদির খবরা খবর ইত্যাদি নিয়মিত ভাবে ডায়নামিক ও দৃষ্টিনন্দন ওয়েব পোর্টালে (**www.pgcb.org.bd**) প্রকাশসহ নিয়মিত ভাবে আপডেট করা।
৩) কেন্দ্রীয় এন্টিভাইরাস সিস্টেম বাস্তবায়ন ও নেটওয়ার্ক ফায়ারওয়াল স্থাপন।
৪) আন্তর্জাতিক ও স্থানীয় ভিডিও কনফারেন্সিং সিস্টেম স্থাপন ও পরিচালনা।
৫) অনলাইন আবেদন প্রক্রিয়ায় নিয়োগ কার্যক্রম সম্পাদন।
৬) সকল কর্মকর্তাদের নিজস্ব ডোমেইনে ই-মেইল এড্রেস প্রদান।
৭) ইলেক্ট্রনিক দরপত্র **(e-GP)** পদ্ধতিতে প্রায় ৯৫ ভাগ লোকাল টেন্ডার কার্যক্রম বাস্তবায়ন।
৮) ই-নথি সিস্টেমের মাধ্যমে প্রশাসনিক কার্যক্রম সম্পাদনা করা।
৯) পিজিসিবির অফিসিয়াল ফেসবুক **(facebook.com/pgcb.org.bd)** পেইজ চালু এবং নিয়মিত আপডেট করা।
১০) পিজিসিবির অফিসিয়াল অ্যান্ড্রয়েড অ্যাপ্লিকেশন ডেভেলপমেন্ট ও গুগল প্লে-স্টোর এ প্রকাশ।
১১) অনলাইন আউটেজ এপ্রুভাল সিস্টেম ডেভেলপ ও বাস্তবায়ন।
১২) অনলাইন ব্যাংক এন্ডোর্সমেন্ট সিস্টেম ডেভেলপ ও বাস্তবায়ন।
১৩) **Tier-II** ও ডেটা সেন্টার স্থাপন ও পরিচালনা।
১৪) ই-পারফর্মেন্স এপ্রাইজাল সিস্টেম ডেভেলপ ও বাস্তবায়ন।
১৫) ই-অকশন সিস্টেম ডেভেলপমেন্ট।
১৬) ট্রেইনিং ম্যানেজম্যান্ট সিস্টেম ডেভেলপ ও বাস্তবায়ন।
১৭) শিডিউল ম্যানেজম্যান্ট এন্ড্রয়েড অ্যাপ ডেভেলপমেন্ট ও গুগল প্লে-স্টোর এ প্রকাশ।
১৮) মানবসম্পদ ব্যবস্থাপনা পদ্ধতি ডেভেলপমেন্ট।

সামাজিক দায়বদ্ধতা কর্মসূচী (সিএসআর)

পিজিসিবি শিক্ষার প্রসারে কাজ করে যাচ্ছে। পাবনা জেলার ঈশ্বরদীতে অবস্থিত জয়নগর পিজিসিবি উচ্চ বিদ্যালয়-এ দক্ষ শিক্ষকমণ্ডলীর দ্বারা শিক্ষা কার্যক্রম পরিচালনা করা হয়। এই বিদ্যালয়ে পিজিসিবি'র কর্মকর্তা-কর্মচারীদের সন্তান সহ পার্শ্ববর্তী এলাকার অনেক ছাত্রছাত্রী লেখাপড়া করছে। শিক্ষকদের নিবিড় পরিচর্যা ও তত্ত্বাবধানের ফলে প্রতিবছরই এখানকার শিক্ষার্থীরা বোর্ড পরীক্ষাসহ অন্যান্য পরীক্ষায় ভালো ফলাফল করে থাকে। ১৯৭৭ সালে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড এই বিদ্যালয়টি প্রতিষ্ঠা করে। পরবর্তীতে পিজিসিবি গঠনের পর সঞ্চালন অবকাঠামোর হস্তান্তরের পাশাপাশি এই বিদ্যালয়টিও পিজিসিবি কর্তৃপক্ষের পরিচালনায় নিয়ে আসা হয়। বিদ্যালয়ের সম্পূর্ণ ব্যয় কোম্পানী বহন করে। আলোচ্য ২০১৭-১৮ অর্থবছরে পিজিসিবি স্কুলের জন্য টাকা ১.২৭ কোটি (প্রায়) ব্যয় করেছে। একই অর্থ বছরে পিজিসিবি সামাজিক কর্মকাণ্ডের অংশ হিসেবে মাননীয় প্রধানমন্ত্রীর ত্রাণ তহবিলে এক কোটি টাকা প্রদান করেছে।

বাণিজ্যিক অবস্থা

পাওয়ার গ্রীড কোম্পানী অব বাংলাদেশ লিঃ আলোচ্য ২০১৭-১৮ অর্থ বছরে বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানী লিঃ, ঢাকা ইলেকট্রিক সাপ্লাই কোম্পানী লিঃ, পল্লী বিদ্যুৎ সমিতিসমূহ, ওয়েষ্ট জোন পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানী লিঃ এবং নর্দান ইলেক্ট্রিক সাপ্লাই কোম্পানী লিঃ কে দেশের বিভিন্ন বিদ্যুৎ উৎপাদন প্রতিষ্ঠান ও ভারত হতে আমদানীকৃত বিদ্যুৎ সঞ্চালন করেছে। এজন্য হুইলিং চার্জ বাবদ প্রতি কিলোওয়াট আওয়ারের জন্য ২৩০ কেভি লেভেলে টাকা ০.২৭৪৪, ১৩২ কেভি লেভেলে টাকা ০.২৭৬৮ এবং ৩৩ কেভি লেভেলে টাকা ০.২৭৯১ হারে চার্জ করেছে।

মোট হুইলিং আয় (মিলিয়ন টাকা)	আদায়/সমন্বয় (মিলিয়ন টাকা)	বকেয়া (মিলিয়ন টাকা)	মন্তব্য
